# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৯ সালের ৬ষ্ঠ বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | : | ৩১ জুলাই, ২০১৯ |
| সময় | : | বেলা ১২-০০ টা |
| স্থান | : | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম আনিসুল হক, এসজিপি, বিজিবিএম, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |
| উপস্থিতি | : | সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য। |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং আলোচ্যসূচীর উপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ-

**আলোচ্যবিষয়-১:** ২০ জুন, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ।

**আলোচনাঃ** গত ২০ জুন, ২০১৯ তারিখে অনুষ্ঠিত ২০১৯ সালের ৫ম বোর্ডসভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। সিদ্ধান্তসমূহের উপর ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং কয়েকটি সিদ্ধান্তের উপর কার্যক্রম চলমান আছে মর্মে সভায় প্রতিবেদন উপস্থাপন করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্য কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক এর প্রস্তাবের প্রেক্ষিতে সম্মানিত সদস্য ক্যাপ্টেন এম সাইফুর রহমান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএম, পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস ২০১৯ সালের ৫ম বোর্ডসভার কার্যবিবরণী নিশ্চিত করার জন্য সমর্থন করেন।

**সিদ্ধান্তঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৯ সালের ৫ম বোর্ড সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে।

**আলোচ্যবিষয়-২:** জুন, ২০১৯ মাসের রাজস্ব আদায়/বকেয়ার বিবরণী।

**আলোচনাঃ** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জুন ২০১৯ মাসে বিভিন্ন খাতে ১,৭৪,৬৮,৭৭১/- (এক কোটি চুয়াত্তর লক্ষ আটষট্টি হাজার সাতশত একাত্তর) টাকা রাজস্ব আদায় হয়েছে। রাজস্ব আদায়ের পরিসংখ্যান পর্যালোচনায় দেখা যায় যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রাক্কলিত আয় ১৭,৭২,৭৩,০০০/- (সতের কোটি বাহাত্তর লক্ষ তিয়াত্তর হাজার) টাকার বিপরীতে মে, ২০১৯ পর্যন্ত রিবেটসহ আদায় হয়েছে ২৬,৪৭,৩৪,৬৪৩/- (ছাব্বিশ কোটি সাতচল্লিশ লক্ষ চৌত্রিশ হাজার ছয়শত তেতাল্লিশ) টাকা, যা মোট দাবীর ১৪৯.৩৩% হলেও আদায়কৃত গৃহকরের হার ১০৯.৩১%।

**সিদ্ধান্তঃ** ২০১৮-২০১৯ অর্থ বছরের রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা অতিক্রম করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং এ ধারা অব্যাহত রাখতে হবে।

**আলোচ্যবিষয়-৩:** জুন, ২০১৯ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী।

**আলোচনাঃ** প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, স্থানীয় আয়ের উৎস হতে জুন ২০১৯ মাসে ২,৬১,৫৩,৯৪৮/- (দুই কোটি তিপ্পান্ন লক্ষ নয়শত আটচল্লিশ) টাকা আয় হয়েছে। মঞ্জুরীকৃত চাঁদা ও দানসমূহ (সাধারণ অনুদান), অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ জুন, ২০১৯ মাসে সর্বমোট আয় ১০,৮০,৮০,৪১৮/- (দশ কোটি আশি লক্ষ আশি হাজার চারশত আঠার) টাকা। অপরদিকে জুন ২০১৯ মাসে সর্বমোট ব্যয় ৭,৯৭,০৩,৩৫৫/- সাত কোটি সাতানব্বই লক্ষ তিন হাজার তিনশত পঞ্চান্ন) টাকা।

**সিদ্ধান্তঃ** জুন, ২০১৯ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। আয়-ব্যয়ের হিসাব বিবরণী পরবর্তী কার্যক্রমের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

**আলোচ্যবিষয়-৪:** ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৯-২০২০ অর্থ বছরের বাজেট অনুমোদন প্রসংগে।

**আলোচনাঃ** গত ২০ জুন, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-৫ এর মাধ্যমে ২০১৯-২০২০ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট অনুমোদনের জন্য উপস্থাপন করা হলে প্রস্তাবিত বাজেটের সামগ্রিক দিক পরীক্ষা-নিরীক্ষা করার জন্য নিম্নোক্তভাবে কমিটি গঠন করা হয়ঃ-

| | | | |
|---|---|---|---|
| ১. | মেজর মির্জা আহমদ সাইফুর রহমান, অর্ডন্যান্স সিএমটিডি, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | আহ্বায়ক |
| ২. | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| ৩. | হিসাব রক্ষণ কর্মকর্তা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য-সচিব |

উক্ত কমিটি কর্তৃক প্রস্তাবিত বাজেট পর্যালোচনা করে মতামত দাখিল করা হয়েছে।

**সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৯-২০২০ আর্থিক সালের ১৪১,৪৫,৬৪,০০০/- (একশত একচল্লিশ কোটি পঁয়তাল্লিশ লক্ষ চৌষট্টি হাজার) টাকার প্রস্তাবিত বাজেট অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৫: জুন, ২০১৯ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনাঃ স্টেশন হেলথ্ অর্গানাইজেশন, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রস্তুতকৃত স্বাস্থ্য প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, ঢাকা সেনানিবাস এলাকায় স্বাস্থ্যগত পরিবেশ-সন্তোষজনক। সঠিক স্বাস্থ্যগত পরিবেশ ও পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। সকলকে বাংলাদেশ আর্মি আদেশ ০৩/৯৬ কঠোরভাবে পালন করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। স্টেশন সদর দপ্তর, ক্যান্টনমেন্ট বোর্ড ও ষ্টেশন হেলথ অর্গানাইজেশন, ঢাকা কর্তৃক দৈনিক, মাসিক ও বিশেষ কর্মসূচীর মাধ্যমে ঢাকা সেনানিবাসের সকল এলাকায় নিয়মিত ভাবে মশা, মাছি ও কীটপতঙ্গ নিধনকারী ঔষধ ছিটানো হচ্ছে। এসবিএও ০৩/৯৬ অনুযায়ী ইউনিট/সংস্থান নিজস্ব এলাকায় এ্যান্টি ম্যালেরিয়া কার্যক্রম পরিচালনা করার জন্য উক্ত প্রতিবেদনে পরামর্শ দেয়া হয়। ১৫ মে, ২০১৯ হতে ১৫ জুন, ২০১৯ পর্যন্ত সময়ে সিএমএইচ, ঢাকা সেনানিবাসে ১০ জন ও সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ৬০ জন ডেঙ্গু রোগী ভর্তি চিকিৎসা গ্রহণ করেছেন। ঢাকা শহর ও এর সংলগ্ন এলাকায় ব্যাপকভাবে ডেঙ্গুর প্রাদুর্ভাব হওয়ায় ঢাকা সেনানিবাসে এডিস মশার বিস্তার রোধে ব্যাপক জনসংযোগ করা হয়েছে, সতর্কতামূলক লিফলেট বিতরণ করা হয়েছে। এছাড়াও ক্যান্টনমেন্ট বোর্ড, স্টেশন সদর দপ্তর ও স্টেশন হেলথ অর্গানাইজেশন এডিস মশার লার্ভা নিধনে নিয়মিত কার্যক্রম পরিচালনা করছে বলে সভায় অবহিত করা হয়।

সিদ্ধান্তঃ সেনানিবাসের সার্বিক পরিস্কার-পরিচ্ছন্নতা নিয়মিত তদারকি করতে হবে এবং মশা-মাছি ও কীট পতঙ্গ দমন কার্যক্রম নিয়মিত পরিচালনা করতে হবে। স্কুল-কলেজের পরিস্কার-পরিচ্ছন্নতার মান আরও উন্নত করার জন্য সংশ্লিষ্টদের তাগিদ প্রদান করতে হবে। ঢাকা সেনানিবাসে এডিস মশার বিস্তার রোধে নিয়মিত জনসংযোগ ও সতর্কতামূলক লিফলেট বিতরণ করাসহ এডিস মশার লার্ভা নিধনে নিয়মিত কার্যক্রম পরিচালনা করতে হবে।

আলোচ্যবিষয়-৬: ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাটসমূহ নামজারী অনুমতি প্রসংগেঃ-

| ক্র নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআইএর ছাড়পত্র / রেজিস্ট্রিকৃত হেবাদলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট নং-১৫/এ ফ্ল্যাট নং-৫/বি (৬ষ্ঠ তলা উত্তর-পশ্চিম), রোড নং-৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম , ব্যবস্থাপনা পরিচালক, রুফ ডেভেলপমেন্ট (প্রাঃ) লিমিটেড (মিসেস রাবেয়া খাতুন এর নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী নং-২৮,রোড নং-৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস ঢাকা-১২০৬। | (১) ডাঃ কর্ণেল মুঃ আমিনুল ইসলাম, পিতা-এ,বি,এম নুরুল ইসলাম ও (২) ডাঃ নারগিশ আরা বেগম, স্বামী-ডাঃ কর্ণেল মুঃ আমিনুল ইসলাম বাড়ী নং-১৫/এ, ফ্ল্যাট নং-৫/বি, রোড নং-০৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬। তারিখ-১৯/৬/২০১৯ | রেজিস্ট্রিকৃত বিক্রয়/হস্তান্তর দলিলমূলে | ১৬ অক্টোবর ২০১৮ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/ প্লট নং-১৫/এ/ফ্ল্যাট নং-বি/৫/(৬ষ্ঠ তলা উত্তর-পশ্চিম)/২৩ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৭২০ বঃফুঃ ০১ টি ফ্ল্যাট, নিচতলায় ০১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/ অচিহ্নিত জমিসহ)। উক্ত প্লটে বরাদ্দের অতিরিক্ত জমি ও অননুমোদিত নির্মাণ নেই। |

আলোচনাঃ প্রস্তাবনার উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডের ৬৫২৫ বর্গফুট আয়তন বিশিষ্ট ১৫/এ নং প্লটের মালিক মিসেস রাবেয়া খাতুন, স্বামী-মরহুম খোরশেদ উদ্দিন আহমেদ। উক্ত প্লটে ডেভেলপার কর্তৃক ০৭(সাত) তলা ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত বাড়ীর ডেভেলপার এর অংশের ৬ষ্ঠ তলার উত্তর-পশ্চিম পার্শ্বের ১৭২০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৫/বি নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং স্থান, আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সকল সুবিধাদিসহ বোর্ডসভার অনুমোদনক্রমে অত্র দপ্তরের ০১ এপ্রিল ২০১৯ তারিখের ঢাক্যাবো/ক্যাঃবাঃএঃ/প্লট নং-১৫/এ/ফ্ল্যাট নং-৫/বি/(৬ষ্ঠ তলা উত্তর-পশ্চিম)/৩৮ নং পত্রের মাধ্যমে (১) ডাঃ কর্ণেল মুঃ আমিনুল ইসলাম, পিতা-এ, বি, এম নুরুল ইসলাম ও (২) ডাঃ নারগিশ আরা বেগম, স্বামী-ডাঃ কর্ণেল মুঃ আমিনুল ইসলাম এর নিকট বিক্রয়/হস্তান্তর করার অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ফ্ল্যাটটির মালিক মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, রুফ ডেভেলপমেন্ট (প্রাঃ) লিমিটেড (মিসেস রাবেয়া খাতুন এর নিযুক্তীয় আম-মোক্তার) কর্তৃক খসড়া দলিল ভেটিং করতঃ প্রস্তাবিত ক্রেতাদ্বয়ের নামে রেজিস্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর ফ্ল্যাটটির ক্রয়সূত্রে মালিকদ্বয় রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁদের নামে নামজারী করার জন্য ১৯ জুন ২০১৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, উক্ত প্লটে কোন অননুমোদিত নির্মাণ নেই এবং বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডের ৬৫২৫ বর্গফুট আয়তন বিশিষ্ট ১৫/এ নং প্লটে নির্মিত বাড়ীর ৬ষ্ঠ তলার উত্তর-পশ্চিম পার্শ্বের ১৭২০ বর্গফুট আয়তন বিশিষ্ট ৫/বি নং ফ্ল্যাট, নিচতলায় ০১(এক)টি কারপার্কিং স্থান, আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য সকল সুবিধাদিসহ রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা (১) ডাঃ কর্ণেল মুঃ আমিনুল ইসলাম, পিতা-এ, বি, এম নুরুল ইসলাম ও (২) ডাঃ নারগিশ আরা বেগম, স্বামী-ডাঃ কর্ণেল মুঃ আমিনুল ইসলাম নামে অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় যৌথভাবে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৭: ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৮০০ বর্গফুট বা ৫.২৭ কাঠা আয়তন বিশিষ্ট ১০/এ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর নামজারী বাতিল প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৮০০ বর্গফুট বিশিষ্ট ১০/এ নং প্লটটি ৭ আগষ্ট ১৯৬২ তারিখে প্রকাশ্য নিলামে জনাব আখতারুল ইসলাম চৌধুরী, পিতা-জনাব সিরাজুল ইসলাম চৌধুরী, ৩২ দক্ষিণ নালাপাড়া, চট্টগ্রাম সর্বোচ্চ দরদাতা হিসেবে বিবেচিত হয়। ১৫ অক্টোবর ১৯৬৩ তারিখে উক্ত সর্বোচ্চ দরদাতা জনাব আখতারুল ইসলাম চৌধুরী এবং ক্যান্টনমেন্ট বোর্ডের সহিত ৯৯ বছর মেয়াদে ১৫৩১৫ নং লীজ দলিল সম্পাদিত হয়। বিগত ১১ ডিসেম্বর ১৯৬৪ সনে জনাব আখতারুল ইসলাম চৌধুরীর পিতা জনাব সিরাজুল ইসলাম চৌধুরী নাবালকের পিতা দেখাইয়া উক্ত সম্পত্তি দেখাশোনা এবং বিক্রয়ের ক্ষমতা দিয়ে জনৈক মোঃ মুসা, পিতা-মৃত নুরুল হুদা, ২৭/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, তেঁজগাও ঢাকা-কে অ-রেজিষ্ট্রিকৃত ব্যাপক ক্ষমতা সম্পন্ন সাধারণ আম-মোক্তারনামা প্রদান করেন। বিগত ০৩ আগষ্ট ১৯৬৬ সনে জনাব সিরাজুল ইসলাম চৌধুরী উক্ত সম্পত্তি বিক্রয়ের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট অনুমতি প্রার্থনা করেন যাহা অনুমোদিত হয়েছে মর্মে কোন বোর্ডসভায় সিদ্ধান্ত দেখা যায় না। পরবর্তীতে বিগত ১৮ জুলাই ১৯৬৭ সনে জনাব সিরাজুল ইসলাম চৌধুরী এবং মোঃ মুসা এক যৌথ আবেদনের মাধ্যমে বোর্ডকে জানায় যে, জনাব সিরাজুল ইসলাম চৌধুরী উক্ত প্লট খানা জনাব মোঃ মুসার নিকট ১৮ এপ্রিল ১৯৬৭ সনে বিক্রি করেছেন। এ প্রসংগে ১৮ এপ্রিল ১৯৬৭ সনে ৭০১১ নং রেজিষ্ট্রিকৃত দলিল দৃষ্টে দেখা যে, উক্ত সিরাজুল ইসলাম চৌধুরী তাহার পুত্র আখতারুল ইসলাম চৌধুরীর পক্ষে ৪২,৮০০/-(বিয়াল্লিশ হাজার আটশত) টাকার বিনিময়ে জনাব মোঃ মুসা, পিতা-মৃত নুরুল হোসেন, ৩৬/সি, আইয়ুব এভিনিউ, মোহাম্মদপুর, ঢাকা এর নিকট উক্ত সম্পত্তি হস্তান্তর করেন। জনাব মোঃ মুসার নামে উক্ত প্লটের কোন নামজারী কাগজপত্র নথিতে দেখা যায় না। যদিও পরবর্তীতে উক্ত প্লটের কর জনাব মোঃ মুসার নামে পরিশোধিত হয়েছে। ২৪ আগষ্ট ১৯৯২ ইং তারিখে জনাব মোঃ মুসা উক্ত প্লট হস্তান্তরের জন্য বোর্ডের নিকট অনুমতি প্রার্থনা করেন। উক্ত আবেদপত্রটি ২৭ আগষ্ট ১৯৯২ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় উপস্থাপন করা হলে ১৯(ড) নং সিদ্ধান্ত মোতাবেক তাহা অনুমোদিত হয়। উক্ত সভার সিদ্ধান্তেই জনাব মোঃ মুসার নামে হস্তান্তর এবং তাহার নামে নামজারির অনুমোদন দেয়া হয়। বোর্ডসভার সিদ্ধান্ত নিম্নরূপঃ-

> *"ক্যান্টনমেন্ট আবাসিক এলাকার প্লট নং-১০/এ এর মালিক জনাব মোঃ মুসার গত ২৪ আগষ্ট ১৯৯২ তারিখের আবেদনের প্রেক্ষিতে উক্ত প্লট বিক্রয়ের অনুমতি প্রদান করা গেল। মূল ইজারাগ্রহীতা জনাব সিরাজুল ইসলাম চৌধুরী এবং ক্রেতা জনাব মোঃ মুসার ১৮ জুলাই ১৯৬৭ ইং তারিখের আবদেনের প্রেক্ষিতে জনাব সিরাজুল ইসলাম চৌধুরীর পরিবর্তে জনাব মোঃ মুসার নামে নাম অত্র দপ্তরের সকল রেকর্ড পত্রে অন্তর্ভুক্তকরতঃ তাঁহার বিল্ডিং প্ল্যান অনুমোদন এবং তাহার নিকট হইতে খাজনা, ট্যাক্স ইত্যাদি আদায় করা হইলেও জনাব মুসার নামে উল্লেখিত প্লটের নামান্তর আদেশের কোন কপি সংশ্লিষ্ট নথিতে পাওয়া যাইতেছে না। এমতাবস্থায় ১০/এ নম্বর প্লটটি যথারীতি ফি আদায় সাপেক্ষে জনাব মোঃ মুসার নামে নামান্তরকরণ ঘটনাত্তোর অনুমোদন করা গেল।"*

উক্ত সিদ্ধান্তের আলোকে অত্র দপ্তরের ০৩ সেপ্টেম্বর ১৯৯২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃআঃএঃ/১০-এ/৩০ নং পত্রে উক্ত প্লটটি জনাব মোঃ মুসার নামে ২,০০০/-(দুই হাজার) টাকা নামান্তর ফি গ্রহণপূর্বক নামজারি অনুমতি প্রদান করা হয়। অত্র দপ্তরের ০৬ সেপ্টেম্বর ১৯৯২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃআঃএঃ/১০-এ/৩১ নং পত্রের মাধ্যমে একই সিদ্ধান্তের আলোকে জনাব মোঃ মুসাকে উক্ত প্লটখানা বিক্রয়ের অনুমতি প্রদান করা হয়। বিগত ০৩ ফেব্রুয়ারি ১৯৯৩ ইং তারিখের ১৪৯০ নং রেজিষ্ট্রিকৃত দলিলমূলে জনাব মোঃ মুসা, পিতা-মৃত নুর হোসেন, ৩৬/সি, আইউব এভিনিউ, মোহাম্মপুর, ঢাকা ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড একটি ব্যাংকিং কোম্পানী যাহা ১৯৯৩ ইং সনের কোম্পানী আইনের বিধানমতে প্রতিষ্ঠিত যাহার প্রধান কার্যালয় ৭১ নং দিলকুশা বানিজ্যিক এলাকা, থানা-মতিঝিল, ঢাকা এর ঢাকাস্থিত অন্যতম শাখা রমনা শাখা, ৯ নং বঙ্গবন্ধু এভিনিউ, থানা-রমনা , ঢাকা এ/সি(একাউন্ট) ডাঃ সালেহা বেগম, স্বামী-ক্যাপ্টেন আঃ মাজেদ, সাং-৪৩/৪, স্বামীবাগ, থানা- সূত্রাপুর, ঢাকা এর নিকট ৮,০০,০০০/-(আট লক্ষ) টাকা মূল্যে উক্ত সম্পত্তি রেজিষ্ট্রিকৃত কবলা মূলে বিক্রি করেন। পরবর্তীতে ৭ ফেব্রুয়ারী ১৯৯৩ তারিখের মিসেস সালেহা বেগম, স্বামী-ক্যাপ্টেন আব্দুল মাজেদ, সাং-৪৩/৪, স্বামীবাগ, ঢাকা এর আবেদনের প্রেক্ষিতে ২৮ ফেব্রুয়ারি ১৯৯৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার ১২ নং সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তরের ৯ মার্চ ১৯৯৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃআঃএঃ/ ১০-এ/৪৯ নং পত্রে ডাঃ সালেহা বেগম, স্বামী-ক্যাপ্টেন আঃ মাজেদ এর নামে নামজারি করা হয়। উক্ত প্লটের ইজারা ও পরবর্তীতে ভিন্ন ব্যক্তি কর্তৃক হস্তান্তর ও নামজারির বিষয়ে অত্র দপ্তরের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত চাওয়া হলে উক্ত নামজারী বাতিলযোগ্য মর্মে মতামত প্রদান করেন। এ প্রেক্ষিতে সেনাসদর কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ২৪ জুন ২০১৯ তারিখের ৩৯০১/৫/ইউ/এমকিউ-২/বাড়ি-১০/এ নং পত্রে ডাঃ মিসেস সালেহা বেগম, স্বামী-ক্যাপ্টেন আঃ মাজেদ এর নামে নামজারি বাতিলযোগ্য বিধায় তা বাতিল করতঃ আইন অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেছেন।

সিদ্ধান্তঃ

৭.১: বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩৮০০ বর্গফুট বা ৫.২৭ কাঠা আয়তন বিশিষ্ট ১০/এ নং প্লট বিধি বহির্ভুতভাবে ইজারা প্রদান করায় ইজারা বাতিলসহ ডাঃ সালেহা বেগম, স্বামী-ক্যাপ্টেন আঃ মাজেদ এর নামে নামজারী বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।

৭.২: ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০/এ নং প্লটটির ইজারা প্রক্রিয়ায় চুক্তি সম্পাদন, পরবর্তীতে নাবালক দেখিয়ে হস্তান্তরসহ ইজারা প্রক্রিয়া বিধি বহির্ভুত হওয়ায় লীজ বাতিলের কার্যক্রম গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-৮: মহাখালী সদর এলাকার ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ২৩ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ীসহ নামজারীর বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ ঢাকা সেনানিবাসস্থ মহাখালী সদর এলাকার ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ২৩ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ীর বর্তমান রেকর্ডীয় মালিক রেজওয়ানুর রহমান, পিতা- মওদুদুর রহমান। প্লট মালিকের আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৪ জুলাই ২০১৮ তারিখে ঢাক্যাবো/মহাখালী সদর/প্লট নং-২৩/১২১ নং পত্রে উক্ত প্লট ও প্লটে নির্মিত ১(এক) তলা বাড়ীটি (১) জনাব মেজবাহ উদ্দিন খান, পিতা-আব্দুর রহমান ও (২) ফারিনা হক, স্বামী-মেজবাহ উদ্দিন খান, ১১/এ, ইউএন রোড, বারিধারা আবাসিক এলাকা, ঢাকা এর নিকট বিক্রয়/হস্তান্তর দলিলমূলে রেজিস্ট্রেশনের অনুমতি প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক (১) জনাব মেজবাহ উদ্দিন খান, পিতা-আব্দুর রহমান ও (২) ফারিনা হক, স্বামী-মেজবাহ উদ্দিন খান বরাবর রেজিষ্ট্রি দলিল সম্পাদন করে দেন। অতঃপর উক্ত প্লট ও প্লটে নির্মিত বাড়ীর ক্রয়সূত্রে মালিকদ্বয় রেজিস্ট্রিকৃত দলিলের কপিসহ তাঁদের নামে নামজারী করার জন্য ২০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য যে, অত্র দপ্তরের ১১ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ঢাক্যাবো/মহাখালী সদর/প্লট নং-২৩/১২২ নং পত্রে উক্ত প্লটের দখলে জমির পরিমাপ করে একটি প্রতিবেদন দাখিল করার জন্য এমইও, কেন্দ্রীয় সাকেল, ঢাকা-কে অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে এমইও এবং ক্যান্টনমেন্ট বোর্ড যৌথ পরিমাপ করে ৮৯১৭.৪২ বর্গফুট জমি আছে মর্মে প্রতিবেদন দাখিল করেছেন। অর্থাৎ বরাদ্দের চেয়ে ৮২.৫৮ বর্গফুট জমি কম আছে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে মহাখালী সদর এলাকার ৯০০০ বর্গফুট বা ১২.৫০ কাঠা জমি বিশিষ্ট ২৩ নং প্লট ও প্লটে নির্মিত ০১(এক) তলা বাড়ীটি রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতা (১) জনাব মেজবাহ উদ্দিন খান, পিতা-আব্দুর রহমান ও (২) ফারিনা হক, স্বামী-মেজবাহ উদ্দিন খান এর অনুকূলে অবিভক্ত ও অচিহ্নিত অবস্থায় যৌথনামে নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৯: আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন খালি জায়গায় গরু/ছাগলের হাট ইজারার সরকারী দর পুনঃনির্ধারণ প্রসংগে।

আলোচনাঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন আনুমানিক ৩.০০ একর খালি জায়গা রয়েছে। উক্ত খালি জায়গায় গত কয়েক বছর যাবত ঈদ-উল-আযহা উপলক্ষে গরু/ছাগলের হাট ইজারা প্রদান করা হয়। উক্ত হাট ইজারার গত ০৩(তিন) বছরের সর্বোচ্চ দর নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রমিক নং | সাল | সর্বোচ্চ দর (টাকা) | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ২০১৬ | ১,২৩,০০,৫০০/- | -- |
| ২. | ২০১৭ | ১,৫৩,৭৭,০০০/- | উক্ত সালে ত্রিদেশীয় ক্রিকেট টুনামেন্ট থাকায় নিরাপত্তা জনিত কারণে হাট ইজারা স্থগিত করা হয়। |
| ৩. | ২০১৮ | ১,২৫,৫০,০০০/- | -- |

২০ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১১ নং সিদ্ধান্তের প্রেক্ষিতে আসন্ন ঈদ-উল-আযহা-২০১৯ উপলক্ষে গরু-ছাগলের হাট ইজারার নিমিত্ত সরকারী দর ১,৫০,০০,০০০/-(এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নির্ধারণ করে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৫ জুলাই ২০১৯ তারিখে দরপত্র আহবান করা হলে সর্বমোট ৭৫টি সিডিউল ফরম বিক্রি হয় কিন্তু নির্ধারিত তারিখে কোন দরপত্র পাওয়া যায়নি। এমতাবস্থায় গরু-ছাগলের হাট ইজারার প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। সভায় আলোচনাক্রমে জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের প্রস্তাবিত গরুর হাটের নিকটবর্তী মিরপুর-১৪ এলাকায় ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক আরেকটি হাট ইজারা প্রদান করায় প্রস্তাবিত হাটের গরুত্ব অনেকটা কমে যাওয়ায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্ধারিত ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা দরে হাট ইজারার জন্য কেউ দর দাখিল করেননি।

সিদ্ধান্তঃ

৯.১: বিস্তারিত আলোচনান্তে ২০১৯ সালে পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন খালি জায়গায় গরু/ছাগলের হাট ইজারার সর্বনিম্ন সরকারী দর ও শর্তাবতলী নিম্নবর্ণিতভাবে সংশোধন করা হলোঃ-

১. সর্বনিম্ন সরকারী দর : ১,২৬,০০,০০০/- (এক কোটি ছাব্বিশ লক্ষ) টাকা
২. জামানত (ফেরতযোগ্য) : ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা
৩. ভ্যাট : দাখিলকৃত দরের ১৫%
৪. আয়কর : দাখিলকৃত দরের ৫%

৯.২: সংশোধিত শর্তাবলীর আলোকে দ্রুততম সময়ের মধ্যে দৈনিক পত্রিকা ও স্থানীয়ভাবে দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-১০: রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন) টি গ্রুপ টয়লেট ইজারার প্রাপ্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩ (তিন) টি গ্রুপ টয়লেট ১ জুলাই ২০১৯ তারিখ হতে ৩০ জুন ২০২০ তারিখ পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় ইজারা বিজ্ঞপ্তি প্রকাশ করে ২৬ জুন ২০১৯ তারিখে দরপত্র আহবান করা হলে নির্ধারিত তারিখে মোট ০৩(তিন) টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী-জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক প্রদত্ত ৮,২০,১০০/- (আট লক্ষ বিশ হাজার একশত) টাকা দরটি সর্বোচ্চ হয়। উক্ত গ্রুপ টয়লেট ইজারার গত ০৩(তিন) বছরের প্রাপ্ত দর নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রঃ নং | আর্থিক সাল | টাকার পরিমান | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ২০১৬-২০১৭ | ৭,৩৫,০০০/- | ০১ বছরের জন্য |
| ২. | ২০১৭-২০১৮ | ৫,৪০,০০০/- | ০৮ মাসের জন্য |
| ৩. | ২০১৮-২০১৯ | ৮,২০,০০০/- | ০১ বছরের জন্য |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন) টি গ্রুপ টয়লেট ০১ জুলাই, ২০১৯ তারিখ হতে ৩০ জুন, ২০২০ তারিখ পর্যন্ত ০১(এক) বছরের জন্য ইজারার নিমিত্ত মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, স্বত্বাধিকারী-জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক প্রদত্ত ৮,২০,১০০/-(আট লক্ষ বিশ হাজার একশত) টাকা সর্বোচ্চ দরটি অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-১১: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেসসমূহ ইজারার নীতিমালা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ইজারার জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ২৯ মে, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-১১ এর মাধ্যমে একটি নীতিমালা অনুমোদিত হয়। উক্ত নীতিমালা সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের নির্দেশনার আলোকে বাস্তবতার প্রেক্ষিতে বিভিন্ন সময়ে পরিবর্তন করা হয়। কিন্তু প্রণীত নীতিমালার বিষয়ে পরবর্তীতে কোন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হয়নি। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ১৬ জুলাই, ২০১৯ তারিখের ২৩.২২.০০০০.০১৪.৩৬.৫৫৮.১৯-৯৫৯ নং পত্রের মাধ্যমে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর দোকান/স্পেসসমূহ ইজারার স্বয়ংসম্পূর্ণ আদর্শ নীতিমালা প্রস্তুত করে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রণয়ন করার জন্য কমিটি গঠন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্তঃ ১১.১। বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস ইজারার নীতিমালা সময়োপযুগী করে সংশোধন/পরিমার্জনের নিমিত্ত নিম্নবর্ণিত কমিটি গঠন করা হলোঃ-

(১) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক -- সভাপতি
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

(২) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

(৩) রেভিনিউ অফিসার (গ্রেড-১), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য-সচিব

১১.২। কমিটি একটি খসড়া নীতিমালা প্রণয়ন করে আগামী বোর্ডসভায় উপস্থাপন করবেন।

আলোচ্যবিষয়-১২: মিরপুর ডিওএইচএস এলাকার ৬টি বাড়ীর গৃহকর নির্ধারণ প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ ঢাকা সেনানিবাসের মিরপুর ডিওএইচএস এলাকার ০৫(পাঁচ) টি এবং মহাখালী ডিওএইচএস এলাকার ০১(এক) টিসহ মোট ০৬(ছয়)টি বাড়ীর গৃহকর নির্ধারণের জন্য নিম্নোক্তভাবে ক্যান্টনমেন্ট বোর্ডে আবেদন করা হয়েছেঃ-

| ক্রঃ নং | আবেদনকারীরর নাম | প্লট নং ও এলাকার নাম | নকশা অনুমোদনের তারিখ | প্রার্থীত তারিখ | সরেজমিনে প্রাপ্ত তথ্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেজর (অবঃ) আবুল কাশেম। | ১৮৫, মিরপুর ডিওএইচএস | ১২/১২/২০০৭ | জুলাই-২০১৭ সন হতে গৃহকর নির্ধারণের জন্য অনুরোধ করছেন। | এ্যামিকাস ডেভলপার নির্মাণ কাজ শেষ না করে পালিয়ে যায়, যা আর্মি হেড কোয়াটার ও ডিওএইচএস পরিষদ-কে অবহিত করা হয় এবং এ্যামিকাস প্রোপার্টিস এ্যান্ড ডেভেলপার কর্তৃক ফ্ল্যাট হস্তান্তর ব্যতিরেকে পলাতক থাকা প্রসংগে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | পল্লবী থানায় সাধারণ ডায়রী করেন (কপি সংযুক্ত)। তাছাড়া ৩০ অক্টোবর ২০১৭ সালে বাড়ীর অসম্পূর্ণ কাজের বিবরণ ক্যান্টনমেন্ট বোর্ড-কে পত্রের মাধ্যমে অবহিত করেন বলে জানান (কপি সংযুক্ত)। পরবর্তীতে বাড়ীর মালিক ও ফ্ল্যাট ক্রেতাগণ মিলিত হয়ে বাড়ীর ভিতরে লিফট, জেনারেট, সিঁড়ির বা আশে পাশের প্ল্যাস্টার ও আনুসাঙ্গীক কিছু কাজ বাকী রেখে ফ্ল্যাটের ভিতরের কাজ সম্পূর্ণ করে অর্থ্যাৎ বসবাসের উপযোগী করে জুলাই-২০১৭ তারিখ হতে বসবাস শুরু করেন, যার প্রমানস্বরূপ বিদ্যুৎ বিলের কপি প্রদান করেন। |
| ২। | উইং কমান্ডার (অবঃ) মোঃ সাইফুল ইসলাম | ৮৪৯ মিরপুর ডিওএইচএস | ২৭/৪/ ২০১৫ | জুলাই-২০১৮ সন হতে গৃহকর নির্ধারণের জন্য অনুরোধ করছেন। | বাড়ীর মালিক ও ক্রেতাগণের সাথে কথা বলে জানা যায় তিনি নিজ অর্থায়নে ধার দেনা করে বাড়ীর কাজ জুন ২০১৮ তারিখে শেষ করে জুলাই ২০১৮ মাস হতে বসবাস শুরু করেছেন (বিদ্যুৎ বিলের কপি সংযুক্ত)। |
| ৩। | মোছাঃ হোসনে আরা বেগম | ১১৬৭ মিরপুর ডিওএইচএস | ১৫/০১/ ২০১৫ | জুলাই-২০১৮ সন হতে গৃহকর নির্ধারণের জন্য অনুরোধ করছেন। | বাড়ী নির্মাণের জন্য হোম-৭১ ডেভেলপার কোম্পানীর কর্তৃক চুক্তিপত্র হয়। ডেভেলপার নির্মান কাজ শেষ করে ০৭ জুলাই ২০১৮ তারিখে হস্তান্তর ও বসবাস শুরু করেন (হস্তান্তর কপি ও বিদ্যুৎ বিলের কপি সংযুক্ত)। |
| ৪। | উইং কমান্ডার মোঃ মোস্তাফিজুর রহমান পিএসসি (অবঃ) | ১২৩৪ মিরপুর ডিওএইচএস | ২৩/০২/ ২০১৬ | জানুয়ারি-২০১৯ সন হতে গৃহকর নির্ধারণের জন্য অনুরোধ করছেন। | বাড়ীর মালিক ও কেয়ারটেকার সাথে কথা বলে জানা যায় করে বাড়ীর কাজ ডিসেম্বর ২০১৮ তারিখে শেষ করে জানুয়ারি ২০১৯ মাস হতে বসবাস শুরু করেন (ডেভেলপার কোম্পানির হস্তান্তরের কপি সংযুক্ত)। |
| ৫। | ব্রিঃ জেঃ (অবঃ) নাজমুল হুসাইন | ৭৭২ মিরপুর ডিওএইচএস | ১৪/০৭/ ২০১৩ | জুলাই-২০১৮ সন হতে গৃহকর নির্ধারণের জন্য অনুরোধ করছেন। | বাড়ীর মালিক ও কেয়ারটেকার সাথে কথা বলে জানা যায় করে বাড়ীর কাজ জুন ২০১৮ তারিখে শেষ করে জুলাই ২০১৮ মাস হতে বসবাস শুরু করেছেন (ডেভেলপার কোম্পানির হস্তান্তরের কপি সংযুক্ত)। |
| ৬। | মিসেস ইসকন মমতাজ | ১৫৮ মহাখালী ডিওএইচএস | ১৮/১২/ ২০১৩ | সেপ্টেম্বর-২০১৮ সন হতে গৃহকর নির্ধারণের জন্য অনুরোধ করছেন। | বাড়ীর মালিক ও কেয়ারটেকার সাথে কথা বলে জানা যায় করে বাড়ীর কাজ আগষ্ট ২০১৮ তারিখে শেষ করে সেরপ্টম্বর ২০১৮ মাস হতে বসবাস শুরু করেছেন (ডেভেলপার কোম্পানির হস্তান্তরের কপি এবং বিদ্যুৎ বিলের কপি সংযুক্ত)। |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন আলোচ্য আবাসিক ভবনসমূহের গৃহকর নামের পার্শ্বে বর্ণিত সময় হতে নির্ধারণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীহ হলোঃ-

| **ক্রঃ নং** | **আবেদনকারীর নাম** | **প্লট নং ও এলাকার নাম** | **নকশা অনুমোদনের তারিখ** | **গৃহকর ধার্য করার তারিখ** |
|---|---|---|---|---|
| ১। | মেজর (অবঃ) আবুল কাশেম। | ১৮৫, মিরপুর ডিওএইচএস | ১২/১২/ ২০০৭ | জুলাই, ২০১৭ |
| ২। | উইং কমান্ডার (অবঃ) মোঃ সাইফুল ইসলাম | ৮৪৯, মিরপুর ডিওএইচএস | ২৭/৪/২০১৫ | জুলাই, ২০১৮ |
| ৩। | মোছাঃ হোসনে আরা বেগম | ১১৬৭, মিরপুর ডিওএইচএস | ১৫/১/২০১৫ | জুলাই, ২০১৮ |
| ৪। | উইং কমান্ডার মোঃ মোস্তাফিজুর রহমান পিএসসি (অবঃ) | ১২৩৪, মিরপুর ডিওএইচএস | ২৩/০২/১৬ | জানুয়ারি, ২০১৯ |
| ৫। | ব্রিঃজেঃ (অবঃ) নাজমুল হুসাইন | ৭৭২, মিরপুর ডিওএইচএস | ১৪/০৭/১৩ | জুলাই, ২০১৮ |
| ৬। | মিসেস ইসকন মমতাজ | ১৫৮, মহাখালী ডিওএইচএস | ১৮/১২/ ২০১৩ | সেপ্টেম্বর, ২০১৮ |

আলোচ্যবিষয়-১৩: ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত নাগরিক সেবার মান বৃদ্ধির জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ইতিহাস-ঐতিহ্য এবং সেবা প্রদানের বিবরণ সম্বলিত একটি অডিও-ভিজ্যুয়াল ডকুমেন্টারী প্রস্তুতের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য উক্ত কাজের জন্য আনুমানিক ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা ব্যয় হবে।

আলোচনাঃ ক্যান্টনমেন্ট আইন, ২০১৮ এর বিধানের আলোকে ক্যান্টনমেন্ট বোর্ড সিটি কর্পোরেশন এর ন্যায় সেনানিবাসের অভ্যন্তরে প্রয়োজনীয় নাগরিক সেবা প্রদান করে থাকে। বাংলাদেশের মধ্যে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড একটি প্রাচীনতম ক্যান্টনমেন্ট বোর্ড হিসেবে ঢাকা সেনানিবাসে বসবাসকারী সামরিক/বেসামরিক ব্যক্তিবর্গকে জন্ম থেকে মৃত্যু পর্যন্ত যাবতীয় নাগরিক সেবা প্রদান করে আসছে। ক্যান্টনমেন্ট বোর্ডের ইতিহাস, ঐতিহ্য ও সেবা প্রদানের বিষয়াদি নিয়ে একটি অডিও-ভিজ্যুয়াল ডকুমেন্টারী প্রস্তুত করা প্রয়োজন। উক্ত কাজের জন্য আনুমানিক ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা ব্যয় হবে। নীতিগত অনুমোদন প্রাপ্তির পর যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রকল্প বাস্তবায়ন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ

১৩.১। বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রদত্ত নাগরিক সেবার মান বৃদ্ধির জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের ইতিহাস-ঐতিহ্য এবং সেবা প্রদানের বিবরণ সম্বলিত একটি অডিও-ভিজ্যুয়াল ডকুমেন্টারী প্রস্তুতের নীতিগত অনুমোদন প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের প্রস্তাবিত ব্যয় ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে।

১৩.২। ডকুমেন্টারী প্রস্তুতের জন্য সেনানিবাসের অভ্যন্তরে অডিও-ভিডিও চিত্র ধারণের বিষয় থাকায় এ বিষয়ে সেনাসদরের অনাপত্তি ও নিরাপত্তা ছাড়পত্র গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৪: ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও/ রাজস্ব শাখার ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) ওয়াসিম আহমদ আশরাফ | ৩০২ | ডিওএইচএস মিরপুর | ২৪/৭/১৯ | সংশোধিত ০৭(সাত) তলা (খালি প্লট) |
| ২। | এডমিরাল এ এম এম এম আওরঙ্গজেব চৌধুরী | ৩০৮ | ডিওএইচএস মিরপুর | ১৫/৭/১৯ | ০৭(সাত) তলা নতুন ভবন (খালি প্লট) |
| ৩। | ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মির্জা তোজাম্মেল হোসেন বেগ | ৪১৪ | ডিওএইচএস মিরপুর | ২৯/৭/১৯ | ০৭(সাত) তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন- নিচতলায় ১টি পার্কিং এর স্থলে ১টি কক্ষ নির্মাণ) |
| ৪। | লেঃ কর্ণেল (অবঃ) এস এম ফিরোজ আহম্মেদ | ৬১৪ | ডিওএইচএস মিরপুর | ২৪/৭/১৯ | সংশোধিত ০৭(সাত) তলা (আভ্যন্তরীণ পরিবর্তন- ২য় তলায় ১ ইউনিটের পরিবর্তে ২ ইউনিট) |
| ৫। | শামীমা আখতার<br>স্বামী-লেঃ কর্ণেল (অবঃ) মোঃ হাসিনুর রহমান | ৮৪৬ | ডিওএইচএস মিরপুর | ৩০/৬/১৯ | ০৭(সাত) তলা নতুন ভবন (খালি প্লট) |
| ৬। | মোসাঃ ফিরোজা বেগম গং<br>স্বামী-মরহুম সাখাওয়াত হোসেন | ১২৭৬ | ডিওএইচএস মিরপুর | ২৪/৭/১৯ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা) |
| ৭। | মিসেস জুবায়দা খানম করিম | বি/১৭৭ | ডিওএইচএস মহাখালী | ১৮/৭/১৯ | বেজমেন্টসহ নতুন ০৭(সাত) তলা (পুরাতন ভবন ভেঙ্গে) |
| ৮। | ব্রিগেঃ জেনারেল (অবঃ) আনোয়ার হোসেন | ২৮০ | ডিওএইচএস মহাখালী | ২৭/৬/১৯ | সংশোধিত ০৪(চার) তলা (আভ্যন্তরীণ পরিবর্তন-লিফট স্থাপন) |
| ৯। | লেঃ কর্ণেল (অবঃ) মোহাম্মদ আলী | ৩৩৭ | ডিওএইচএস মহাখালী | ১৮/৭/১৯ | সংশোধিত ০৮(আট) তলা (৭ম তলার উপর ৮ম তলা- ৮ তলার ফাউন্ডেশন আছে) |
| ১০। | জনাব মোঃ তোফাজ্জল হোসেন লোকমান গং (৯ জন) | সিবি-২১১/৯-১ | কচুক্ষেত পুরান বাজার | ৩০/৬/১৯ | নতুন ০৭(সাত) তলা |
| ১১। | মিসেস নিলা পারভীন | সিবি-৩২/৩ | কচুক্ষেত পুরান বাজার | ২৩/৬/২০১৯ | নতুন ০৭(সাত) তলা |
| ১২। | জনাব মোঃ মনিরুজ্জামান গং (৮ জন) | সিবি-২৩৮/২ ও সিবি-২৪০ | কচুক্ষেত পুরান বাজার | ২৯/৭/২০১৯ | নতুন ০৭(সাত) তলা |

আলোচনাঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন মহাখালী ও মিরপুর ডিওএইচএস এবং কচুক্ষেতে পুরান বাজার এলাকার ১২টি প্লটে বাড়ী/ভবন নির্মাণের জন্য দাখিলকৃত নকশাগুলো ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে মর্মে নির্বাহী প্রকৌশলী সভাকে অবহিত করেন। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে সংশ্লিষ্ট ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন মর্মে সভাকে জানানো হয়।

সিদ্ধান্তঃ ১৪.১। Land point of view-তে প্রযোজ্য ক্ষেত্রে এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস এবং ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র সাপেক্ষে ক্রমিক নং- ১, ২, ৫, ৭, ১০, ১১ ও ১২ এ বর্ণিত ৭(সাত)টি প্লটে নিম্নোক্ত শর্তাধীনে নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণের নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

(ক) প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার কর্তৃক বাড়ী নির্মিত হলে সংশ্লিষ্ট ডেভলপারকে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে।

(খ) প্লট মালিক নিজে বাড়ী নির্মাণ করলে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান/ডেভলপার চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৪.২। ক্যান্টনমেন্ট বোর্ডের কমিটি কর্তৃক সরেজমিন পরিদর্শন সাপেক্ষে ক্রমিক নং-৩, ৪ ও ৮ এ বর্ণিত ৩(তিন)টি প্লটে ৪(চার)/৬(ছয়)/৭(সাত) তলা আভ্যন্তরীন পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। প্রতিটি প্লটের সরেজমিন পরিদর্শন ও প্রতিবেদন প্রস্তুত ফি বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জমা করতে হবে।

১৪.৩। ক্রমিক নং-৯ এ উল্লেখিত প্লটে ৭ম তলার উপর ৮ম তলার নকশা অনুমোদনের (ভার্টিক্যাল এক্সটেনশন) বিষয়ে (০৭ তলা অনুমোদিত নকশায় ০৮ তলা ফাউন্ডেশনসহ) বিল্ডিং বাইল'জ প্রকাশিত হওয়ার পর সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

১৪.৪। ক্রমিক নং-৬ এ উল্লেখিত প্লটে ৭ম তলার উপর ৮ম তলার নকশা অনুমোদনের (ভার্টিক্যাল এক্সটেনশন) বিষয়ে এমআইএসটি (MIST) কর্তৃক কারিগরী ভেটিং এবং বিল্ডিং বাইল'জ প্রকাশিত হওয়ার পর সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

আলোচ্যবিষয়-১৫: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মুল্যানুমান অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মুল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস্, ২০১৬ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | মুসলিম মডার্ন একাডেমি হতে রজনীগন্ধা সুপার মার্কেট সমগ্র এলাকায় পানির সমস্যা দূরীকরণের লক্ষ্যে ৭৫ মিমি ডায়া পানির লাইন ওয়াসকরণ কাজ। | ১,৮৬,৭০৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (পানি) | ঘটনোত্তর অনুমোদন (২২/৭/২০১৯ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদন করা হয়েছে) |
| ২. | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন স্টাফ কোয়ার্টার, স্কুল, কলেজ ও হাসপাতালে গ্যাস ও বিদ্যুৎ সংযোগ পরিদর্শনের প্রতিবেদন অনুযায়ী বৈদ্যুতিক ও গ্যাস লাইন মেরামত কাজ। | ৪,৮০,৪৩৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঘরবাড়ি) | অত্র দপ্তরের ৩১/৩/২০১৯ তারিখের ঢাক্যাবো/জিএ/৯২/১৪৭ নং পত্রের মাধ্যমে গঠিত কমিটির প্রতিবেদন। |
| ৩. | রজনীগন্ধা সুপার মার্কেটের বিভিন্ন ব্লকে জরাজীর্ণ বিদ্যুৎ লাইন সংস্কার/পরিবর্তন কাজ। | ১৩,৮৮,০৬৩/- | বোর্ড তহবিল | অত্র দপ্তরের ৩১/৩/২০১৯ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/২/৫১ নং পত্রের মাধ্যমে গঠিত কমিটির প্রতিবেদন। |
| ৪. | বারিধারা ডিওএইচএস এলাকার ১ নং রোড মেরামতসহ কার্পেটিং কাজ। | ৩০,৫১,২৬৪/- | সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ/ বোর্ড তহবিল | সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদের ০৬/৩/২০১৯ তারিখের পত্র। |
| ৫. | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ কাঁচাবাজার ও কামারপট্টি সংলগ্ন টয়লেটে টাইলস্ লাগানোসহ মেরামত কাজ। | ৪,০৭,৬১২/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৬. | রজনীগন্ধা সুপার মার্কেটস্থ মাছের আড়ৎ সংলগ্ন টয়লেটে টাইলস্ লাগানোসহ মেরামত কাজ। | ৩,৯২,২৮০/- | বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত | |
| ৭. | রজনীগন্ধা সুপার মার্কেট সংলগ্ন ক্যান্টনমেন্ট বোর্ড স্টাফ কোয়ার্টার হতে পশ্চিম দিকে ওয়াসার পাম্প পর্যন্ত এবং দক্ষিণ দিকে নবনির্মিত হার্ডস্ট্যান্ড পর্যন্ত ইটের সলিং রাস্তা নির্মাণ কাজ। | ৫,৮৯,৯৫০/- | বোর্ড তহবিল | |
| ৮. | পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষে রজনীগন্ধা সুপার মার্কেটের মুরগীর বাজার সংলগ্ন খালী জায়গায় গরুর হাট উপযোগী করার জন্য বালিভরাট কাজ। | ২৪,০৯,৮০৭/- | বোর্ড তহবিল | |
| ৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডের ৫২/এ-৬(২য় তলা উত্তর-পশ্চিম পার্শ্ব) নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৪০,০১৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | জনাব মোঃ আনিছুর রহমান হিসাব করণিক সেনাপল্লী হাই স্কুল এর ১১/০১/২০১৮ তারিখের আবেদনপত্র |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের পরিত্যক্ত সম্পত্তির বাসা নং-৯২ (নিচতলা) মেরামত ও রংকরণ কাজ। | ১,২৪,৫৫৮/- | পরিত্যক্ত সম্পত্তির খাত | জনাব মোঃ রাশেদুল ইসলাম নিরাপত্তা প্রহরী সাভূক্যা অধিদপ্তর এর ৩০/৬/২০১৯ তারিখের আবেদনপত্র। |
| ১১. | রজনীগন্ধা স্টাফ কোয়ার্টার নং-৪ মেরামত ও রংকরণ। | ৪৮,২০৯/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | জনাব সুলতান মাহমুদ পরিচ্ছন্নতা কর্মী এসকেএমসিবিজিএইচ এর ০৯/০৭/২০১৯ তারিখের আবেদনপত্র। |
| ১২. | ক্যান্টনমেন্ট বের্ড অফিসের উত্তর পূর্ব পার্শ্ব নিচতলায় ০৪টি রুম (বারান্দাসহ) এবং ১টি টয়লেট নির্মাণ কাজ। | ১৯,০৯,৯৭৫/- | বোর্ড তহবিল | |
| ১৩. | রজনীগন্ধা সুপার মার্কেটের দক্ষিণ পার্শ্বে এবং ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেটের সম্মুখে জিআই পাইপের রেলিং এবং সামরিক লেনের অবশিষ্ট অংশ পাকা ডিভাইডার নির্মাণ কাজ। | ২,৮৫,১৭১/- | বোর্ড তহবিল | লজিষ্টিকস্ এরিয়া এমপি ইউনিটের ২৫/৪/২০১৯ তারিখের পত্র। |
| ১৪. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১ নং রোডের ১২/সি নং প্লটের সামনে রাস্তা উঁচু করণসহ সলিং ও এইচবিবি করণ কাজ। | ১,৯৯,৮০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (রাস্তাঘাট) | স্কোয়াড্রন লীডার (অবঃ) মোঃ সফিকুল আলম এর ২০ জুন ২০১৯ তারিখের আবেদনপত্র। |
| ১৫. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন শহীদ সরণি/ স্বাধীনতা সরণিতে বিদ্যমান ডিজিটাল স্পীড চেক রাডার এবং ডিজিটাল স্ক্রলবার বাৎসরিক (২০১৯-২০২০) মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৫,৪৯,০০০/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ঙ-২-খ) | |
| ১৬. | এমইও, সেন্ট্রাল সার্কেল, ঢাকা দপ্তরের কম্পিউটার শাখায় নতুন থাই গ্লাস স্থাপন কাজ। | ১,৪৫,৬৫১/- | অনুদান | এমইও ঢাকার ০৮ জুলাই ২০১৯ তারিখের পত্র। |
| ১৭. | শহীদ সরণিস্থ পুরাতন এয়ার হেড কোয়ার্টার চৌরাস্তার উত্তর দিকে (উভয় পার্শ্বে) জিআই পাইপের রেলিং এবং ডিজিএমএস অফিসের সম্মুখে জেব্রা ক্রসিং স্থাপন কাজ। | ২,৫৬,০৭৬/- | বোর্ড তহবিল | আর্মি এমপি ইউনিটের ১৮ জুন ২০১৯ তারিখের পত্র। |
| ১৮. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬/এ নং রোডের ৬৩ নং বাড়ির সম্মুখ হতে ৬৬ নং বাড়ির সম্মুখ পর্যন্ত ড্রেন উঁচুকরণ, স্ল্যাব নির্মাণ ও ড্রেন সংলগ্ন রাস্তার কাঁচা অংশ পাকা করণ। | ৩,০৩,৭৬২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ড্রেন) | প্রফেসর ড. মোঃ শাহ-ই-আলম বাসা নং ৬৬/সি এর ১২ জুন ২০১৯ তারিখের আবেদনপত্র। |
| ১৯. | মহাখালী ডিওএইচএস এলাকার ৬ নং রোডের ড্রেন পরিস্কারকরণসহ আরসিসি স্ল্যাব নির্মাণ কাজ। | ১,৯৯,৩৬৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ড্রেন) | মহাখালী ডিওএইচএস পরিষদের ১৫ জুলাই ২০১৯ তারিখের পত্র। |
| ২০. | মহাখালী ডিওএইচএস এলাকার ১১ নং রোড এবং সেন্ট্রাল রোডের সংযোগ স্থলে ভেঙ্গে যাওয়া ড্রেনের স্ল্যাব নির্মাণ কাজ। | ৪৯,২২১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ (ড্রেন) | মহাখালী ডিওএইচএস পরিষদের ২৭ জুন ২০১৯ তারিখের পত্র। |
| ২১. | রজনীগন্ধা সুপার মার্কেটের স্বাধীনতা চত্বরের চতুর্দিকের আরসিসি বাউন্ডারি ওয়াল নির্মাণ, গ্রীল মেরামত করে পুনরায় স্থাপন কাজ এবং অন্যান্য মেরামত ও রং করণ কাজ। | ৩৬,০৬,৭৪২/- | বোর্ড তহবিল | সেনাসদর কিউএমজি শাখা এমএন্ডকিউ পরিদপ্তরের ১৫ এপ্রিল ২০১৯ তারিখের ৩৯১৭/১/আবেদন/এমকিউ-২ নং পত্র। |
| ২২. | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুল সংলগ্ন প্রধান শিক্ষকের বাসার ভিতরে, বাহিরে এবং বাউন্ডারী ওয়ালে মেরামতকরণসহ রংকরণ কাজ। | ১,৯২,২৩৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৩. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডের ৬৮/এ নং বাসার দরজা, নেট পাল্লা সরবরাহ ও স্থাপন কাজ। | ১,১৬,৪০৬/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| ২৪. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ২১০ নং কক্ষের ৪টি স্টীল জানালা পরিবর্তন করে থাই জানালা ও মসকিউটো নেট পাল্লা স্থাপন কাজ। | ৪৬,৭২৩/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ | ঘটনোত্তর অনুমোদন (২৩/৭/২০১৯ তারিখের কার্যবৃত্তপত্রের মাধ্যমে অনুমোদন করা হয়েছে) |
| ২৫. | **সশস্ত্র বাহিনী দিবস-২০১৯ উপলক্ষে বিভিন্ন মেরামত ও রংচুনকরণ কাজের মূল্যানুমান অনুমোদনঃ-** | | | |
| | (১) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে শহীদ সরনিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে স্বাধীনতা সরণিসহ (উভয় পার্শ্ব) সিগন্যাল গেইট হয়ে বালুঘাট গোল চত্বর এবং সিগন্যাল গেইট হতে আইএসএসবি(রাস্তার উভয় পার্শ্ব) হয়ে জিয়াকলোনী এমপি চেকপোষ্ট পর্যন্ত ৭২২টি নিরাপত্তা বাতির পোল, সিগন্যাল পোল, গার্ডেন লাইট, টিএন্ডটি বক্স ও নিরাপত্তা বাতির কন্ট্রোল বক্স রং ও নাম্বারিং করণ কাজ। | ৩,০৫,৪২৪/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| | (২) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে শহীদ জাহাঙ্গীর গেইট হতে স্বাধীনতা সরনির চৌরাস্তা পর্যন্ত এবং আর্মি এভিয়েশন হতে জাহাঙ্গীর গেইট আইল্যান্ড ফুলের চারী, বাসস্ট্যান্ড, গ্রীল, পাইপের রেলিং, চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ করণ। | ২,১৮,৬৭২/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (৩) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে শহীদ আনোয়ার চৌরাস্তা হতে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতাল পর্যন্ত ডিভাইডার, এয়ার হাউজের নিকটস্থ বিউটি স্পট, শিখা অনির্বান, মসজিদের সম্মুখ সাইড, পানির ট্যাংকি, ঈদগাহ মাঠের গ্রীল, হাসপাতালের দেয়াল গ্যারিসন বাসস্ট্যান্ড, বিউটি স্পট, পাইপের রেলিং চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ করণ। | ৩,৯৬,২৭৪/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| | (৪) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনাঃ হাসপাতাল হতে সিগন্যাল গেইট পর্যন্ত (সমুন্নত স্বাধীনতা গেইটসহ) ফুটপাত আইল্যান্ড, সাইন বোর্ড, ট্যাংক, কামান, ফুলের চারী, বিউটি স্পট, বাস্টস্ট্যান্ড, গ্রীল চুন/রং এর কাজ ও সাইন বোর্ড রংকরণ ও লিখার কাজ করণ। | ৪,০০,৭১১/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| | (৫) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে স্বাধীনতা সরনির উভয় পার্শ্বের ডিভাইডার সাইন বোর্ড গ্রীল রজনীগন্ধা এমপি চেকপোষ্ট ও গাড়ী পার্কিং, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রং এর কাজ ও সাইন বোর্ড লিখার কাজ করণ। | ১,৯৮,৮২০.০০ | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| | (৬) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে শহীদ সরণির ও স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ফ্লোর পেভড টাইলস ও ওয়াল ফেসিং ব্রিক/টাইলস হাইজেনিক ওয়াসকরণ কাজ। | ২,৭৮,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| | (৭) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে ঢাকা সেনানিবাসের শহীদ সরণির ০৪টি এবং স্বাধীনতা সরণির ০১টি ফুটওভার ব্রিজ রংকরণ ও রাস্তার মাঝখানে এবং দুই পার্শ্বে প্লাষ্টিক রোড ডিভাইডার ধৌত, পরিস্কার, স্টীকার, রশি স্থাপন, আরসিসি রোড ডিভাইডার মেরামত ও রংকরণ কাজ। | ২,৪৩,৪৯৫/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| | (৮) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে শহীদ সরণির বীরশ্রেষ্ঠ শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট হয়ে আইএসএসবি গেইট পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বে ফুটপাতের ভাঙ্গা পেভড টাইলস্ ও ফেসিং ব্রিকস্ পুনঃস্থাপন (পয়েন্টিংসহ) মেরামত কাজ। | ১,৯৮,২০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |
| | (৯) শহীদ সরণি এবং স্বাধীনতা সরণির পটহোল মেরামত ও কার্পেটিং করণ। | ৬,৪৫,৫০০/- | রাস্তাঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ | |
| | (১০) সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ উপলক্ষ্যে শহীদ সরণি স্বাধীনতা সরণি ও অন্যান্য রাস্তায় রোড মার্কিং পেইন্ট দ্বারা মার্কিং কাজ। | ১০,০৫,৮৪১/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (প্রকল্প)/ বোর্ড তহবিল | |
| ২৬. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৪র্থ তলায় বিউটি পার্লার ও সেলুন স্থাপনের জন্য পানির লাইন স্থাপন কাজ। | ১৪,৬১,৮৬৫/- | দোকান বরাদ্দের সালামী হতে | |
| ২৭. | কঞ্জারভেন্সী শাখার জন্য একটি ব্র্যান্ড ডেস্কটপ কম্পিউটার ও প্রিন্টার ক্রয়। | ৭৪,০০০/- | সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত হতে | |
| ২৮. | বোর্ডসভার কাজের জন্য একটি ল্যাপটপ ক্রয়। | ১,২৭,৫০০/- | প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত | |
| ২৯. | ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন রাস্তার পার্শ্বে নির্দেশনামূলক ৫০টি সাইনবোর্ডে রিফ্লেক্টিং স্টীকার পুন:স্থাপন কাজ। | ৪২,৩৭৫/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) | |

আলোচনাঃ ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় বসবাসকারী নাগরিক এবং বিভিন্ন প্রতিষ্ঠানের জন্য অত্যাবশ্যকীয় সেবা নিশ্চিত করার লক্ষ্যে উপরোল্লিখিত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য বিদ্যমান নিয়ম অনুসরণ করে মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে।

সিদ্ধান্তঃ ক্রমিক নং-১৫ এ উল্লেখিত ২৯টি প্রকল্প নিম্নবর্ণিতভাবে অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

১৫.১। ক্রমিক ১, ৯, ১১, ১৫, ১৯, ২০, ২২, ২৩, ২৪, ২৭, ২৮ ও ২৯-এ উল্লেখিত ১২(বার)টি প্রকল্পের দরপত্র আহবান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

১৫.২। ক্রমিক নং- ৭, ৮, ১৭, ২১ ও ২৬-এ বর্ণিত ৫(পাঁচ)টি প্রকল্পের মূল্যানুমান প্রাথমিক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

১৫.৩। ক্রমিক নং-২, ৩, ৫, ৬ ও ১২ এ উল্লেখিত ৫(পাঁচ)টি প্রকল্প সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস কর্তৃক সরেজমিন যাচাই/পরিদর্শন সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৫.৪। ২১ নভেম্বর উপলক্ষে ক্রমিক নং-২৫(১-৯) উল্লেখিত প্রকল্পগুলোর দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। ক্রমিক নং-২৫(১০) এর প্রকল্পটি সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদনক্রমে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। এমপি ইউনিট এর সাথে সমন্বয় করে প্রকল্পগুলো বাস্তবায়ন করতে হবে।

১৫.৫। ক্রমিক নং-১০ এ উল্লেখিত পরিত্যক্ত সম্পত্তির প্রকল্পটি পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ডের অনুমোদনক্রমে বাস্তবায়ন করতে হবে।

১৫.৬। ক্রমিক নং- ৪, ১৩, ১৪, ১৬ ও ১৮ এ উল্লেখিত প্রকল্প ৫(পাঁচ)টির অপরিহার্যতা এবং ফান্ডের স্থিতি বিচারে আপাতত: স্থগিত করা হলো।

আলোচ্যবিষয়-১৬: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগেঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস-২০১৬ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১. | ক্যান্টনমেন্ট বোর্ড ডরমেটরীতে পানির সমস্যা দূরীকরণের জন্য পানির লাইন ওয়াশকরণ ১০০০ লিটারের পিভিসি পানির ট্যাংক এবং ১.৫ হর্স পাওয়ারের পানির মটর স্থাপন কাজ। | ৪০,১০৯.০০ | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ (ধামালকোট) | ৪০,০৬৮.০০ | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সেন্ট্রাল এসির বর্ধিত কাজ। | ৩,৫৪,৫৪,৩৭২.০০ | লায়ন ইলেকট্রো মেকানিক্যাল সার্ভিসেস | ৩৫,৪৫,০৭৮৪.০০ | দোকানের সালামী |
| ৩. | মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সিভিল ওয়ার্কের বর্ধিত কাজ। | ২,৮৮,১৯,৯৯৪.০০ | মাহাবুব ব্রাদার্স প্রাঃ লিঃ | ২,৮৭,৭৩,১৬৬.০০ | দোকানের সালামী |
| ৪. | সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের ২০৪ নং কক্ষের সিলিং নির্মাণ ২১২ ২০৯ ৩০৭ নং কক্ষের রংকরণ দরজা মেরামত ও অন্যান্য মেরামত কাজ। | ১,২৭,১৫৫.০০ | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,২৭,০৯১.০০ | অনুদান |
| ৫. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহু মসজিদ) পুনঃ নির্মাণ কাজ। | ৭,০০,০০,০০০.০০ | মাহাবুব ব্রাদার্স প্রাঃ লিঃ | ৬,৯৯,৫০,২৩৮.০০ | অনুদান/বোর্ড তহবিল |
| ৬. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২ নং রোডের ১ নং পানির পাম্পের হাউজে পানি না থাকায় উক্ত স্থানে ১০০০ ফুট গভীরতায় নতুন গভীর নলকূপ স্থাপন কাজ। | ৯২,৩৬,২২১.০০ | বিলস্নাল বোরিং এন্ড ইঞ্জিঃ ওয়ার্কস | ৯১,৯৯,২৩২.০০ | অনুদান/ বোর্ড তহবিল |
| ৭. | রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে সিএস দাগ নং ৩১২ তে ০৪ (চার) তলা বিশিষ্ট ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেটে ৫২ ফুট লম্বা ৫ ফুট প্রশস্ত সাইজের (ক্যান্টনমেন্ট বোর্ড মার্কেট) এলইডি এস এস শীটের সহিত এলকোবন অক্ষর দ্বারা সাইন বোর্ড সরবরাহ ও স্থাপন কাজ। | ৪,৯৯,২০০.০০ | মেসার্স মা এন্টারপ্রাইজ | ৪,৯৯,২০০.০০ | দোকান বরাদ্দের সালামী |
| ৮. | শহীদ সরণির সৌদি কলোনী বাসস্টপ এবং শহীদ জাহাঙ্গীর গেইটের অগ্রণী ব্যাংক বাসস্টপ সংলগ্ন রাস্তা মেরামত কাজ। | ১,৯৯,৮০০.০০ | মেসার্স এস আই এন্টারপ্রাইজ | ১,৯৯,৬০০.০০ | রাস্তাঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ৯. | সেনা ভবন সংলগ্ন শিশুপার্কে ৪টি আধুনিক খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন কাজ। | ১৩,১৮,০০০.০০ | নাসির বিডি কর্পোরেশন | ১৩,১৬,০০০.০০ | বোর্ড তহবিল |
| ১০. | শহীদ জাহাংগীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত প্রধান সড়কে বিদ্যমান পুরাতন/নষ্ট রোড ডিভাইডারের পরিবর্তে ৫০০টি নতুন রোড ডিভাইডার সরবরাহ কাজ। | ৭,৮০,০০০.০০ | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৭,৭৯,৫৩২.০০ | বোর্ড তহবিল |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১১. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনারেল হাসপাতালের ব্লাড ট্রান্সফিউশনের রি-এজেন্ট সরবরাহকরণ। | - | মেসার্স সারা এন্টারপ্রাইজ | ৭৯,৯০৯.০০ | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ১২. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনারেল হাসপাতালের ৩টি আইটেম সরবরাহকরণ। | - | মেসার্স মনির এন্ড কোং | ১,৬০,৮৮৮.০০ | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ১৩. | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্ট বোর্ড জেনারেল হাসপাতালের কর্মচারীদের পোষাক সরবরাহকরণ। | - | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ১,০০,৩৬০.০০ | হাসপাতালের নৈমিত্তিক খাত |
| ১৪. | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের লোকাল এরিয়া নেটওয়ার্ক সম্প্রসারণ, পুরাতন ক্যাবল প্রতিস্থাপন ও ২টি ৬ইউ র‌্যাক স্থাপন কাজ। | ১,১০,৮২৫/- | মেসার্স ক্রিয়েটিভ কমিউনিকেশন্স | ১,১০,০০০/- | বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৫. | শহীদ বীর বিক্রম রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের মাঠে নিচু জায়গায় বালু ভরাটকরণসহ লেভেলিং ড্রেসিংকরণ কাজ। | ৫১,২৬৭/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫১,২৬৭/- | সংশ্লিষ্ট বিদ্যালয়ের মেরামত খাত |
| ১৬. | রজনীগন্ধা স্টাফ কোয়ার্টার এর ১(নিচতলা) নং বাসা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ। | ৩৯,৮৪১/- | মেসার্স সেঞ্চুরী ইন্টারন্যাশনাল | ৩৯,৮২১/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৭. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/আই নং বাসার টিনের ছাউনি পরিবর্তন কাজ। | ৪৯,২৪৮/- | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ৪৯,২৪৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৮. | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের দক্ষিণ দিকে একটি টিনসেড গ্যারেজ নির্মাণ কাজ। | ১,৫১,৯১৭/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ১,৫১,৭৬৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ১৯. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৪/এ বিল্ডিং এর (৩য় তলা পূর্ব পার্শ্ব) নং বাসা সংস্কার ও মেরামতকরণ কাজ। | ১,২৫,৪৪১/- | মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ | ১,২৫,৩১৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২০. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডের ২৫/২-৬ (তৃতীয় তলা পূর্ব পার্শ্ব) বাসা মেরামত ও রংকরণ কাজ। | ১,০৪,৫৪০/- | মেসার্স সফিক এন্ড সন্স | ১,০৪,২৭৮/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২১. | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডের ৬৫/ডি-৫ নং বাসা মেরামত ও রংকরণ কাজ। | ৯৫,২৬২/- | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ৯৫,২৬২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২২. | সিএমএইচ বাসস্টপের যাত্রী ছাউনি স্থানান্তরের জন্য প্লাটফরম নির্মাণ কাজ। | ৭১,৫২৬/- | মেসার্স এস আই এন্টারপ্রাইজ | ৭১,৩৮৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) |
| ২৩. | শহীদ সরণিস্থ সেনাসদরের উত্তর প্রান্তে রাস্তায় সৃষ্ট গর্ত/ডেবে যাওয়া অংশ মেরামত ও কার্পেটিং কাজ। | ১,৭১,০০০/- | মেসার্স জুই এন্টারপ্রাইজ | ১,৭০,৯১৪/- | রাস্তাঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২৪. | মাটিকাটা এমপি চেকপোষ্ট সংলগ্ন রিক্সা লেইন তৈরিকরণ, ডিভাইডার অপসারণ, শহীদ সরণির পুরাতন এয়ার হেডকোয়ার্টার বাসস্টপের পার্শ্বে জেব্রা ক্রসিং স্থানান্তর/ পুনঃস্থাপন ও গ্রীল নির্মাণ কাজ। | ১,০৭,৮২৩/- | মেসার্স মাসুম ইঞ্জিনিয়ারিং | ১,০৭,৭১৫/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২৫. | শহীদ সরণির ক্ষতিগ্রস্ত রোড সাইন বোর্ড মেরামত ও হানিকম্ব স্টীকার পুনঃস্থাপন কাজ। | ৫৪,২০৭/- | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৫৪,১৫২/- | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২৬. | মিরপুর ডিওএইচএস এর ৬/এ নং রোডস্থ ১১০৩ নং প্লট সংলগ্ন স্যুয়ারেজ লাইনের পিট তৈরি ও ড্রেন পরিস্কারকরণ কাজ। | ৫২,০৯৪/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ৫১,৯৮৯/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত (মেরামত) |

| | |
|---|---|
| আলোচনাঃ | আলোচ্য বিষয়-১৬ এ বর্ণিত ছকে প্রকল্পগুলোর মূল্যানুমান বোর্ডসভা এবং সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের অনুমোদনক্রমে বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়। গ্যারিসন ডিউটি অফিসার (জিডিও)'র উপস্থিতিতে টেন্ডার ওপেনিং কমিটির সম্মুখে দরপত্র বাক্স খোলা হয় এবং টেন্ডার ইভ্যালুয়েশন কমিটি (টিইসি) কর্তৃক পর্যালোচনা করে সুনির্দিষ্ট মতামত প্রদান করা হয়েছে। |
| সিদ্ধান্তঃ | ১৬.১। আলোচ্য বিষয়-১৬ এর ২৬(ছাব্বিশ)টি প্রকল্পের দর অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। <br> ১৬.২। ক্রমিক নং- ১, ৮, ১১, ১২, ১৩, ১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫ ও ২৬ এ উল্লেখিত ১৮(আঠার)টি প্রকল্পের কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। <br> ১৬.৩। ক্রমিক নং-২, ৩, ৪, ৫, ৬, ৭, ৯ ও ১০ এ উল্লেখিত ৮(আট)টি প্রকল্পের দর অনুমোদন, ব্যয়ের অনুমোদন ও প্রযোজ্য ক্ষেত্রে অনুদান বরাদ্দের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে এবং অনুমোদন সাপেক্ষে কার্যাদেশ প্রদান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। |
| আলোচ্যবিষয়-১৭: | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি বাৎসরিক মেরামত কাজে নিয়োজিত আরএফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ ৩০ জুন ২০১৯ তারিখে শেষ হয়েছে। ২০১৯-২০২০ আর্থিক সালে সেনানিবাসের ট্রাফিক সিগন্যাল বাতি সচল রাখার লক্ষ্যে চুক্তি মেয়াদ বর্ধিতকরণের বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের ১১ জুলাই ২০১৯ তারিখের আবেদনপত্র প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। |
| আলোচনাঃ | প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি (১) হাজী মহসিন ক্রসিং (২) শহীদ আনোয়ার ক্রসিং (৩) স্টাফ রোড ক্রসিং (৪) রজনীগন্ধা সুপার মার্কেট ক্রসিং (৫) জিয়া কলোনী ক্রসিং (৬) মাটি কাটা ক্রসিং (৭) ফ্লাইওভার নিচে ক্রসিং এর যানবাহন সংকেত বাতি (Traffic Signal Light) মেরামত কাজে নিয়োজিত আরএফ ইঞ্জিনিয়ারিং এর চুক্তির মেয়াদ ৩০ জুন ২০১৯ তারিখে উত্তীর্ণ হয়েছে। বোর্ডসভার অনুমোদনক্রমে বর্তমানে প্রতিটি পয়েন্ট মেরামত/রক্ষণাবেক্ষণের জন্য মাসিক ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হিসেবে বিল পরিশোধ করা হচ্ছে। মেরামত কাজের পরবর্তী চুক্তির মেয়াদ ০১ জুলাই ২০১৯ হতে ৩০ জুন ২০২০ পর্যন্ত এক বছর বৃদ্ধি করার জন্য উক্ত প্রতিষ্ঠান ১১/৭/২০১৯ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। উল্লেখ্য, আরএফ ইঞ্জিনিয়ারিং কর্তৃক ট্রাফিক সিগন্যাল বাতি রক্ষণাবেক্ষণ কাজ নিয়মিত করা হয়েছে। |
| সিদ্ধান্তঃ | বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন ০৭টি যানবাহন সংকেত বাতি (Traffic Signal Light) ১ জুলাই, ২০১৯ তারিখ হতে ৩০ জুন, ২০২০ তারিখ পর্যন্ত ১(এক) বছরের জন্য প্রতি পয়েন্ট মাসিক ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা হিসেবে মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য আর এফ ইঞ্জিনিয়ার এর সাথে চুক্তির মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো। |
| আলোচ্যবিষয়-১৮: | স্কাইলার্ক ট্রেড লিংক লিঃ, প্রোঃ নেছার আহমেদ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভূক্তি প্রসংগে। |
| আলোচনাঃ | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভূক্তির জন্য স্কাইলার্ক ট্রেড লিংক লিঃ, প্রোঃ নেছার আহমেদ গত ২৩/০৬/২০১৯ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে আবেদন করেছেন। আবেদনের সহিত ভ্যাট সনদ, ট্রেড লাইসেন্স, ইনকাম ট্যাক্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেটসহ অন্যান্য চাহিত কাগজপত্রাদি জমা করেছেন। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে উক্ত প্রতিষ্ঠান-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার প্রতিষ্ঠান হিসেবে তালিকাভূক্ত করা যেতে পারে। |
| সিদ্ধান্তঃ | প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র সাপেক্ষে স্কাইলার্ক ট্রেড লিংক লিঃ, প্রোঃ নেছার আহমেদ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভূক্তির সিদ্ধান্ত গৃহীত হলো। |
| আলোচ্যবিষয়-১৯: | বারিধারা ডিওএইচএস এর পানির সমস্যা সমাধানের জন্য ৮/সি নং লেইনের ৪৮৭/বি নম্বর বাড়ির দক্ষিণ পার্শ্বে (বর্তমানে পার্ক) একটি নতুন গভীর নলকূপ স্থাপনের নিমিত্ত ২৭২০ বর্গফুট জায়গা (দৈর্ঘ্য ৮৫ ফুট, প্রস্থ-পূর্বে ৪৪ ফুট এবং পশ্চিমে ২০ ফুট) ঢাকা ওয়াসাকে বরাদ্দের জন্য প্রস্তাবিত জমি 'বি-৪' শ্রেণী হতে 'সি' শ্রেণীতে রূপান্তর প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত। |
| আলোচনাঃ | বারিধারা ডিওএইচএস এলাকায় বিদ্যমান পানি সমস্যা দূরীকরণের জন্য ৮সি লেইনের ৪৮৭/বি নম্বর বাড়ির দক্ষিণ পার্শ্বে (বর্তমানে পার্ক) ২৭২০ বর্গফুট ( দৈর্ঘ্য ৮৫ ফুট পূর্ব-পশ্চিম, প্রস্থ পূর্বে ৪৪ ফুট এবং পশ্চিমে ২০ ফুট) জায়গায় একটি গভীর নলকূপ স্থাপনের জন্য ঢাকা ওয়াসাকে জরুরী ভিত্তিতে জায়গাটি বরাদ্দ দেয়ার |

বিষয়ে বারিধারা ডিওএইচএস পরিষদ, ঢাকা সেনানিবাসের ১৪ মে ২০১৯ তারিখের ডিওএইচএস-বা/১৩২/ওয়াসা নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। সে প্রেক্ষিতে অত্র দপ্তরের ২৭ মে ২০১৯ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৫৩/২/৫৯ নং পত্রের মাধ্যমে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের মতামত চাওয়া হলে সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেলের ১৫ জুলাই ২০১৯ তারিখের ২৩.২২.০০০১. ০০৩.০১.১২৩.১৯-২২৩৪ নং পত্রের মাধ্যমে প্রস্তাবিত 'বি-৪' শ্রেণীভূক্ত জমি 'সি' শ্রেণীতে রূপান্তরের লক্ষ্যে স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়। উল্লেখিত স্থানটি এমইও'র প্রতিনিধিসহ সরেজমিনে পরিদর্শন করে ২২৭৮.৫০ বর্গফুট জায়গা (দৈর্ঘ্য উত্তরে ৭২ ফুট, দক্ষিণে ৭৫ ফুট এবং প্রস্থ পূর্বে ৪৩ ফুট, পশ্চিমে ১৯ ফুট) পাওয়া গেছে। স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের লক্ষ্যে নিম্নোক্ত কার্যাদি গ্রহণ করা প্রয়োজনঃ-

(১) বারিধারা ডিওএইচএস এলাকার মাষ্টার প্ল্যানে ৮সি লেইনের দক্ষিণ পার্শ্বে ওয়াসা পাম্প উল্লেখপূর্বক মাষ্টার প্ল্যান সংশোধন করণ।

(২) এমইও'র প্রতিনিধির সহায়তায় দাগসূচী উল্লেখপূর্বক মৌজা ম্যাপ প্রস্তুতকরণ।

(৩) প্রস্তাবিত জমি 'বি-৪' শ্রেণীভূক্ত হওয়ায় ১৯৩৭ সালের সিএলএ রুলস্ এর ৭(iv)(৭) বিধি মোতাবেক 'সি' শ্রেণীতে রূপান্তর করণ।

(৪) মালিকানা প্রতিরক্ষা মন্ত্রণালয়ে রেখে জমি নিয়ন্ত্রণ ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকার আওতায় নিয়ে ঢাকা ওয়াসার গভীর নলকূপ স্থাপনের জন্য ২২৭৮.৫০ বর্গফুট জায়গা (দৈর্ঘ্য উত্তরে ৭২ ফুট, দক্ষিণে ৭৫ ফুট এবং প্রস্থ পূর্বে ৪৩ ফুট, পশ্চিমে ১৯ ফুট) শুধুমাত্র ব্যবহারের অনুমতি প্রদান করা যেতে পারে। উল্লেখ্য, ক্যান্টনমেন্ট এ্যাক্ট ২০১৮ এর ১৫৫ ধারা মোতাবেক এ ধরণের সেবা প্রদানের এখতিয়ার ক্যান্টনমেন্ট বোর্ডের।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে বারিধারা ডিওএইচএস এর পানির সমস্যা সমাধানের জন্য ৮সি লেইনের ৪৮৭/বি নম্বর বাড়ির দক্ষিণ পাশে একটি নতুন গভীর নলকূপ স্থাপনের নিমিত্ত প্রস্তাবিত ২২৭৮.৫০ বর্গফুট জায়গা (দৈর্ঘ্য উত্তরে ৭২ ফুট, দক্ষিণে ৭৫ ফুট এবং প্রস্থ পূর্বে ৪৩ ফুট, পশ্চিমে ১৯ ফুট) মালিকানা প্রতিরক্ষা মন্ত্রণালয়ে রেখে জমি নিয়ন্ত্রণ ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকার আওতায় নিয়ে 'সি' শ্রেণীতে রূপান্তর করত: ঢাকা ওয়াসাকে শুধুমাত্র জমি ব্যবহারের অনুমতি প্রদান করা যেতে পারে। সে লক্ষ্যে মাষ্টার প্ল্যানে ওয়াসা পাম্প চিহ্নিত করত: মাষ্টার প্ল্যান সংশোধন, এমইও'র প্রতিনিধির সহায়তায় দাগসূচী উল্লেখপূর্বক মৌজা ম্যাপ প্রস্তুত এবং 'বি-৪' শ্রেণীভূক্ত জমি 'সি' শ্রেণীতে রূপানতর করার সিদ্ধান্ত গৃহীত হলো । এ লক্ষ্যে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২০: ঢাকা সেনানিবাসস্থ বনানী, মহাখালী, বারিধারা ও মিরপুর ডিওএইচএস এবং ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত প্লটে ভবন নির্মাণের লক্ষ্যে নির্মাণ কাজের সময়সীমা বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট প্লট মালিকের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | নকশা অনুমোদনের তারিখ | আবেদনের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্নেল (অবঃ) মোঃ নাজমুল হক | ৩২৮ | ডিওএইচএস মহাখালী | ০২/০১/১৮ | ১৮/৭/২০১৯ | ০১(এক) বছর সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করেছেন। |
| ২। | আফরোজা আখতার বানু গং | বি/১১৯ | ডিওএইচএস মহাখালী | ২৮/৬/১৮ | ০৮/৭/২০১৯ | ০১(এক) বছর সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করেছেন। |
| ৩। | মিসেস রাজিয়া খাতুন | ২৪৬ | ডিওএইচএস মহাখালী | ০১/০২/১৮ | ০৯/৭/২০১৯ | ০১(এক) বছর সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করেছেন। |
| ৪। | আনোয়ারা খাতুন | ২৫০ | ডিওএইচএস মহাখালী | ০৭/০৩/১৯ | ০৮/৭/২০১৯ | ০১(এক) বছর সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করেছেন। |
| ৫। | মিসেস শামীম আকবর | ৩৫৭ | ডিওএইচএস মহাখালী | ০৭/০৩/১৮ | ১৮/৭/২০১৯ | ০১(এক) বছর সময়সীমা বৃদ্ধির জন্য আবেদন করেছেন। |
| ৬। | মেজর জেনারেল (অবঃ) সি আর দত্ত বিইউ | ৪৯ | ডিওএইচএস বনানী | ১১/০১/১৮ | ২৯/৪/২০১৯ | ০১(এক) বছর সময়সীমা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ডেভেলোপার এবিসি রিয়েল এষ্টেট কর্তৃক আবেদন করা হয়েছে। |
| ৭। | ডা: জাহাঙ্গীর কবির | ৬০/ডি | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২২/৫/২০১৭ | ২৯/৭/২০১৯ | ৩১ ডিসেম্বর ২০২০ পর্যন্ত সময়সীমা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট প্লট মালিক আবেদন করেছেন। |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৮। | মোমেন রিয়েল এষ্টেটস্ লিঃ | ১০ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২২/৪/২০১৮ | ২৪/৬/২০১৯ | ০১(এক) বছর সময়সীমা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট ডেভলোপার মোমেন রিয়েল এষ্টেটস্ লিঃ কর্তৃক আবেদন করা হয়েছে। |

আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট আইন ২০১৮ এর ১৩১ ধারা অনুযায়ী নকশা অনুমোদনের তারিখ হতে এর মেয়াদ ২(দুই) বছর। এ সময়ের মধ্যে কেউ নির্মাণ কাজ সম্পন্ন করতে না পারলে নির্মাণ কাজ সম্পন্ন করার জন্য সময় বৃদ্ধির আবেদন ক্যান্টনমেন্ট আইন ২০১৮ এর ১৩২ ধারা অনুযায়ী সর্বোচ্চ ৩(তিন) বার জরিমানা ব্যতিরেকে অনুমোদন করা যাবে। সময় বৃদ্ধির আবেদন ৩(তিন) বারের অধিক মঞ্জুর করার ক্ষেত্রে প্রতিবার ২০,০০০/- (বিশ হাজার) টাকা এবং ৫(পাঁচ) বারের অধিক প্রতি ক্ষেত্রে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা আদায় করার বিধান রয়েছে। আলোচ্য ক্ষেত্রে প্রস্তাবিত ৮(আট)টি নকশার মেয়াদ প্রথম বারের মতো বৃদ্ধির জন্য আবেদন করা হয়েছে বিধায় তা অনুমোদন করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিতভাবে নকশার মেয়াদ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | নকশা অনুমোদনের তারিখ | বর্ধিত মেয়াদ |
|---|---|---|---|---|---|
| ১। | লেঃ কর্ণেল (অবঃ) মোঃ নাজমুল হক | ৩২৮ | ডিওএইচএস মহাখালী | ০২/০১/১৮ | ৩১/১২/২০২০ |
| ২। | আফরোজা আখতার বানু গং | বি/১১৯ | ডিওএইচএস মহাখালী | ২৮/৬/১৮ | ৩১/১২/২০২০ |
| ৩। | মিসেস রাজিয়া খাতুন | ২৪৬ | ডিওএইচএস মহাখালী | ০১/০২/১৮ | ৩১/১২/২০২০ |
| ৪। | আনোয়ারা খাতুন | ২৫০ | ডিওএইচএস মহাখালী | ০৭/০৩/১৯ | ৩১/১২/২০২১ |
| ৫। | মিসেস শামীম আকবর | ৩৫৭ | ডিওএইচএস মহাখালী | ০৭/০৩/১৮ | ৩১/১২/২০২০ |
| ৬। | মেজর জেনারেল (অবঃ) সি আর দত্ত বিইউ | ৪৯ | ডিওএইচএস বনানী | ১১/০১/১৮ | ৩১/১২/২০২০ |
| ৭। | ডা: জাহাঙ্গীর কবির | ৬০/ডি | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২২/৫/২০১৭ | ৩১/১২/২০২০ |
| ৮। | মোমেন রিয়েল এষ্টেটস্ লিঃ | ১০ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ২২/৪/২০১৮ | ৩১/১২/২০২০ |

আলোচ্যবিষয়-২১: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সম্মুখে প্লাজা সিঁড়ির উপর রেইন শেড নির্মাণ কাজের জন্য সিএমইএস (আর্মি) ঢাকা কর্তৃক ভেটিংকৃত ৬৭,৭১,৪২০/- (সাতষট্টি লক্ষ একাত্তর হাজার চারশত বিশ) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে।

আলোচনাঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সম্মুখে প্লাজা সিঁড়ির উপর রেইন শেড নির্মাণ কাজের জন্য জিই (আর্মি) মিরপুর কর্তৃক প্রস্তুতকৃত ৬৮,১৮,৭৬৬/- (আটষট্টি লক্ষ আঠার হাজার সাতশত ছেষট্টি) টাকার মূল্যানুমান ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের বোর্ডসভার আলোচ্য বিষয়-৪৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাসের ভেটিং সাপেক্ষে পরবর্তী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, উক্ত কাজের জন্য সিএমইএস (আর্মি), ঢাকা কর্তৃক ভেটিংকৃত ৬৭,৭১,৪২০/- (সাতষট্টি লক্ষ একাত্তর হাজার চারশত বিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের সম্মুখে প্লাজা সিঁড়ির উপর রেইন শেড নির্মাণ কাজের জন্য সিএমইএস (আর্মি) ঢাকা কর্তৃক ভেটিংকৃত ৬৭,৭১,৪২০/- (সাতষট্টি লক্ষ একাত্তর হাজার চারশত বিশ) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় দোকান বরাদ্দের সালামী হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তাদের জন্য বাসস্থান নির্মাণ।

আলোচনাঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তাদের জন্য পর্যাপ্ত বাসস্থান সুবিধা না থাকায় বাসস্থান নির্মাণ করা প্রয়োজন। সে প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি নং প্লটের দক্ষিণ পার্শ্বে ক্যান্টনমেন্ট বোর্ডের খালি জায়গায় ০৭ তলা ভিতে ০৪ ইউনিট বিশিষ্ট (০৭ তলা পর্যন্ত) বাসস্থান নির্মাণ করা যেতে পারে। উক্ত বাসস্থান নির্মাণ কাজের জন্য ৯,৪৬,৪৫,৪০৯/- (নয় কোটি ছেচল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত নয়) টাকার মূল্যানুমান ও নকশা প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য, উক্ত কাজের যাবতীয় ব্যয় অনুদান হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তাদের বাসস্থান নির্মাণ কাজের জন্য ৯,৪৬,৪৫,৪০৯/- (নয় কোটি ছেচল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার চারশত নয়) টাকার মূল্যানুমান ও নকশা প্রাথমিক অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য, উক্ত কাজের যাবতীয় ব্যয় অনুদান হতে সংকুলান করতে হবে। মূল্যানুমান ও নকশা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৩: ঢাকা সেনানিবাসের আইএসএসবি গেইটের পশ্চিম পার্শ্বে ফিলিং স্টেশন সংলগ্ন ফুটপাত ঘেঁষে বিউটি স্পট নির্মাণের লক্ষ্যে প্লান্টার বক্স নির্মাণ, বালি ফিলিং ও টাইলস্ স্থাপন কাজের জন্য ৫,২৫,০০০/- (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ বিউটি স্পট নির্মাণের লক্ষ্যে ঢাকা সেনানিবাসের আইএসএসবি গেইটের পশ্চিম পার্শ্বে ফিলিং স্টেশন সংলগ্ন ফুটপাত ঘেঁষে প্লান্টার বক্স নির্মাণ, বালি ফিলিং ও টাইলস্ স্থাপন কাজের জন্য ৫,২৫,০০০/- (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য, উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে আইএসএসবি গেইটের পশ্চিম পার্শ্বে ফিলিং স্টেশন সংলগ্ন ফুটপাত ঘেঁষে প্লান্টার বক্স নির্মাণ, বালি ফিলিং ও টাইলস্ স্থাপন কাজের জন্য ৫,২৫,০০০/- (পাঁচ লক্ষ পঁচিশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-২৪: বারিধারা ডিওএইচএস এ ময়লার গাড়ি রাখার জন্য হার্ডস্ট্যান্ড নির্মাণ কাজের জন্য ২,৯২,৫৭৫/- (দুই লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত পঁচাত্তর) টাকার মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ বারিধারা ডিওএইচএস এ ময়লার গাড়ি রাখার জন্য হার্ডস্ট্যান্ড নির্মাণ কাজের জন্য ২,৯২,৫৭৫/- (দুই লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত পঁচাত্তর) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত মূল্যানুমান অনুমোদন প্রয়োজন। উল্লেখ্য, উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বারিধারা ডিওএইচএস এ ময়লার গাড়ি রাখার জন্য হার্ডস্ট্যান্ড নির্মাণ কাজের জন্য ২,৯২,৫৭৫/- (দুই লক্ষ বিরানব্বই হাজার পাঁচশত পঁচাত্তর) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৫: আইএসএসবি হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত প্রধান সড়কের উভয় পার্শ্বে গাছ রোপন কাজের জন্য ৬,৮১,৮৯২/- (ছয় লক্ষ একাশি হাজার আটশত বিরানব্বই) মূল্যানুমান অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ আইএসএসবি হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত প্রধান সড়কের উভয় পার্শ্বে গাছ রোপন কাজের জন্য ৬,৮১,৮৯২/- (ছয় লক্ষ একাশি হাজার আটশত বিরানব্বই) মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত মূল্যানুমান অনুমোদন প্রয়োজন। উল্লেখ্য, উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ আইএসএসবি হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত প্রধান সড়কের উভয় পার্শ্বে গাছ রোপন কাজের জন্য ৬,৮১,৮৯২/- (ছয় লক্ষ একাশি হাজার আটশত বিরানব্বই) মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচ্যবিষয়-২৬: ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন প্রকার ফুলের বীজ ক্রয়ের নিমিত্ত ১২,১০,০০০/- (বার লক্ষ দশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, প্রতি বছর শীত মৌসুমে বেশ কয়েকটি জাতীয় দিবস উপলক্ষে ঢাকা সেনানিবাসের সমগ্র এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক মৌসুমী ফুলের চারা রোপণ করে সেনানিবাসের সৌন্দর্য বর্ধন করা হয়ে থাকে। এর ধারাবাহিকতায় এ বছর ফুলের চারা রোপণের জন্য নিম্নলিখিত ফুলের বীজ ক্রয় করতে হবেঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | ইনকা হাইব্রীড (১০০০বীজের) | ৮০প্যাকেট | ৫০০০.০০ | ৪০০০০০.০০ |
| ২. | এন্টারহেনাম হাইব্রীড (৫০০বীজের) | ১০ প্যাকেট | ২৫০০.০০ | ২৫০০০.০০ |
| ৩. | পিটুনিয়া চারা (পিপিতে) | ৩০০০০টি | ১৫.০০ | ৪৫০০০০.০০ |
| ৪. | ডায়াস্থাস (১০০০বীজের) | ৩০প্যাকেট | ৫৫০০.০০ | ১৬৫০০০.০০ |
| ৫. | ফ্লক্স (১০০০বীজের) | ১০প্যাকেট | ৬০০০.০০ | ৬০০০০.০০ |
| ৬. | সালভিয়া হাইব্রীড (১০০০বীজের) | ২০প্যাকেট | ৩৫০০.০০ | ৭০০০০.০০ |
| ৭. | ডালিয়ার কাটিং (ইন্ডিয়ান) | ২০০০টি | ২০.০০ | ৪০০০০.০০ |
| | | | মোট = | ১২,১০,০০০.০০ |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন প্রকার ফুলের বীজ ক্রয়ের নিমিত্ত ১২,১০,০০০/- (বার লক্ষ দশ হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ, আর্মি, নেভি ও বিমান বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৭: ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন মালামাল (মাটি, সার, গোবর, কীটনাশক, পলিব্যাগ, সুতলী, বাঁশ, লেবার ইত্যাদি) ক্রয়ের নিমিত্ত ৮,৬৬,৮৪৫/- (আট লক্ষ ছেষট্টি হাজার আটশত পঁয়তাল্লিশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে। উল্লেখ্য উক্ত ব্যয় সাধারণ, আর্মি, নেভি ও বিমান বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচনাঃ ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য প্রয়োজনীয় মালামালের (মাটি, সার, গোবর, কীটনাশক, পলিব্যাগ, সুতলী, বাঁশ, লেবার ইত্যাদি) বিবরণঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১. | টিএসপি সার | ২০ বস্তা | ২৩৩০.০০ | ৪৬,৬০০.০০ |
| ২. | এমপি সার | ০৫ বস্তা | ২০০০.০০ | ১০,০০০.০০ |
| ৩. | ইউরিয়া সার | ০৫ বস্তা | ২০০০.০০ | ১০,০০০.০০ |
| ৪. | খৈল (সরিষা) | ১৫ বস্তা | ৪৫০০.০০ | ৬৭,৫০০.০০ |
| ৫. | ফুরাডান ঔষধ | ৩০ প্যাকেট | ২৬৭.০০ | ৮,০১০.০০ |
| ৬. | টাবগর ঔষধ (৪০০মিলি) | ২৫ বোতল (বড়) | ৬৪৭.০০ | ১৬,১৭৫.০০ |
| ৭. | রিপকট (বড়) | ১০ বোতল | ৯৫০.০০ | ৯,৫০০.০০ |
| ৮. | এবোন | ৩০ বোতল | ৩৫৯.০০ | ১০,৭৭০.০০ |
| ৯. | রোটেন | ০৫ প্যাকেট (০১ কেজি) | ১৭৮.০০ | ৮৯০.০০ |
| ১০. | ইন্ডেফিল | ২৫ প্যাকেট | ১৭৮.০০ | ৪,৪৫০.০০ |
| ১১. | ডায়াথিন এম-৪৫ | ২৫ প্যাকেট | ১৭৮.০০ | ৪,৪৫০.০০ |
| ১২. | সেভিং পাউডার (বড়) | ৩০ প্যাকেট | ৩০০.০০ | ৯,০০০.০০ |
| ১৩. | বরাক বাঁশ | ৫০টি | ৪৮০.০০ | ২৪,০০০.০০ |
| ১৪. | মুলিবাশ/মাখাল বাশ | ২০০টি | ৩৩৪.০০ | ৬৬,৮০০.০০ |
| ১৫. | সুতলি | ৩০ কেজি | ১৪০.০০ | ৪,২০০.০০ |
| ১৬. | গুনা তার | ১০ কেজি | ১৫০.০০ | ১,৫০০.০০ |
| ১৭. | কসটেপ(বড়) | ২০টি | ১০০.০০ | ২,০০০.০০ |
| ১৮. | মোট পলিথিন (চালের জন্য) | ২৫০ গজ | ৯০.৮০ | ২২,৭০০.০০ |
| ১৯. | ৪"/৫" পলিথিন ব্যাগ | ৫০ কেজি | ৩৬০.০০ | ১৮,০০০.০০ |
| ২০. | ৮"/৯" পলিথিন ব্যাগ | ৩০০ কেজি | ৩৬০.০০ | ১০,৮০০.০০ |
| ২১. | ভিটি মাটি ৫ টনী ট্রাকের | ২৩ ট্রাক | ৮৫০০.০০ | ১,৯৫,৫০০.০০ |
| ২২. | গোবর সার | ২২ ট্রাক | ৪৫০০.০০ | ৯৯,০০০.০০ |
| ২৩. | ফুল গাছ রোপনের জন্য বেড তৈরি, পলি ব্যাগে মাটি ভরাটের জন্য প্রতিদিন ২৫ জন করে লেবার (প্রতি জন ৬০০/- টাকা হিসেবে) | ১৫ দিন | ১৫০০০.০০ | ২,২৫,০০০.০০ |
| | | | মোট = | ৮,৬৬,৮৪৫.০০ |

সিদ্ধান্তঃ ২১ নভেম্বর সশস্ত্র বাহিনী দিবস ২০১৯ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন মালামাল (মাটি, সার, গোবর, কীটনাশক, পলিব্যাগ, সুতলী, বাঁশ, লেবার ইত্যাদি) ক্রয়ের নিমিত্ত ৮,৬৬,৮৪৫/- (আট লক্ষ ছেষট্টি হাজার আটশত পঁয়তাল্লিশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ, আর্মি, নেভি ও বিমান বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৮: বিমান বাহিনী ঘাঁটি বাশার এর আওতাধীন ৫ নং গেইট হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ক্যান্টনমেন্ট প্রধান সড়কে যানবাহন চলাচল নিয়ন্ত্রণ ও নিরাপদ করতে এবং ঘাঁটির সার্বিক নিরাপত্তা ও টেকনিক্যাল এলাকাসমূহ সুরক্ষার জন্য প্লাষ্টিক ট্রাফিক কোণ এবং নাইলন রশি প্রতিস্থাপনের লক্ষ্যে বিভিন্ন মালামাল (প্লষ্টিক ট্রাফিক কোণ, আরসিসি ট্রাফিক কোণ, নাইলন রশি, ফ্লোরোসেন্ট টেপ ইত্যাদি) ক্রয়ের নিমিত্ত ৫,৪৩,৪০০/- (পাঁচ লক্ষ তেতাল্লিশ হাজার চারশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ বিমান বাহিনী ঘাঁটি বাশার এর আওতাধীন ৫ নং গেইট হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ক্যান্টনমেন্ট প্রধান সড়কে গাড়ি সমূহের চলাচল নিয়ন্ত্রণ ও নিরাপদ করতে এবং ঘাঁটির সার্বিক নিরাপত্তা ও টেকনিক্যাল এলাকাসমূহ সুরক্ষার জন্য প্লাষ্টিক ট্রাফিক কোণ এবং নাইলন রশিসূহের প্রতিস্থাপনের লক্ষ্যে বিভিন্ন মালামাল (প্লষ্টিক ট্রাফিক কোণ আরসিসি ট্রাফিক কোণ নাইলন রশি ফ্লোরোসেন্ট টেপ ইত্যাদি) সরবরাহের জন্য বিমান বাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাসের ২৪ জুন ২০১৯ তারিখের ০০.০৩.২৬০০.১৬৮.০২৮.০০৩.১৯. ০১৭/২২ক নং পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছে। উক্ত মালামাল ক্রয়ের নিমিত্ত ৫,৪৩,৪০০.০০ (পাঁচ লক্ষ তেতাল্লিশ হাজার চারশত) টাকা ব্যয়ের অনুমোদন। উল্লেখ্য উক্ত ব্যয় বিমান বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ বিমান বাহিনী এলাকায় যান চলাচল নিয়ন্ত্রণ ও নিরাপদ করার জন্য বিভিন্ন মালামাল (প্লষ্টিক ট্রাফিক কোণ, আরসিসি ট্রাফিক কোণ, নাইলন রশি, ফ্লোরোসেন্ট টেপ ইত্যাদি) ক্রয়ের নিমিত্ত ৫,৪৩,৪০০/- (পাঁচ লক্ষ তেতাল্লিশ হাজার চারশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিমান বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-২৯: বৃক্ষরোপন অভিযান-২০১৯ উপলক্ষে বিভিন্ন চারা এবং মালামাল সরবরাহের নিমিত্ত ২,৭৬,০৫২/- (দুই লক্ষ ছিয়াত্তর হাজার বায়ান্ন) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ বৃক্ষরোপণ অভিযান-২০১৯ সাফল্যমন্ডিত করার লক্ষ্যে নিম্নবর্ণিত মালামাল প্রয়োজনঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমান | ক্রয়মূল্য | টাকা |
|---|---|---|---|---|
| ১. | ঝর্ণা | ১৮টি | ৬৯০.০০ | ১২৪২০.০০ |
| ২. | লিকুইড হ্যান্ড ওয়াশ | ১৫টি | ১২০.০০ | ১৮০০.০০ |
| ৩. | বড় ছাতা | ১৫টি | ৬৪০.০০ | ৯৬০০.০০ |
| ৪. | তোয়ালে | ১৬টি | ৪১৩.০০ | ৬৬০৮.০০ |
| ৫. | বালতি | ১৫টি | ৩৫৭.০০ | ৫৩৫৫.০০ |
| ৬. | মগ | ১৫টি | ১৪০.০০ | ২১০০.০০ |
| ৭. | সাদা পলিথিন | ৫০ গজ | ৬২.০০ | ৩১০০.০০ |
| ৮. | রং করার ব্রাশ | ০২টি | ১০৩.০০ | ২০৬.০০ |
| ৯. | বাশের খুটি | ২০০টি | ৬৯.০০ | ১৩৮০০.০০ |
| ১০. | নিড়িকাচি | ২০টি | ১৬৭.০০ | ৩৩৪০.০০ |
| ১১. | বড় ব্যানার | ০৬টি | ১৫০০.০০ | ৯০০০.০০ |
| ১২. | নাইলন দড়ি | ০৯ কেজি | ৩৭০.০০ | ৩৩৩০.০০ |
| ১৩. | খুরপি | ১৫টি | ৩৭০.০০ | ৫৫৫০.০০ |
| ১৪. | সুতলী | ০৬ কেজি | ১৮০.০০ | ১০৮০.০০ |
| ১৫. | রং (সিলভার, সবুজ) | ০৩ পাউন্ড | ৪০০.০০ | ১২০০.০০ |
| ১৬. | স্ক্রিনপ্রিন্ট নেমপ্লেট এলুমিনিয়াম স্ট্যান্ডসহ | ৩১টি | ৩০৫০.০০ | ৯৪৫৫০.০০ |
| ১৭. | বরাক বাশ (গাছ ঘেরাও দেয়ার জন্য) | ১০টি | ৪২৯.০০ | ৪২৯০.০০ |
| ১৮. | ভিটিমাটি | ০৪ ট্রাক | ৭৪৩৬.০০ | ২৯৭৪৪.০০ |
| ১৯. | গোবর সার | ১ ট্রাক | ৫০০০.০০ | ৫০০০.০০ |
| ২০. | টিএসপি সার | ০১ বস্তা | ২২৫০.০০ | ২২৫০.০০ |
| ২১. | আম্রপালী গাছ | ১০০টি | ২৮৫.০০ | ২৮৫০০.০০ |
| ২২. | সোনালুগাছ | ১২৫টি | ২১৫.০০ | ২৬৮৭৫.০০ |
| ২৩. | ছাতিয়ান গাছ | ০৪টি | ৫৭০.০০ | ২২৮৮.০০ |
| ২৪. | গামলা | ১৫টি | ২৭১.০০ | ৪০৬৫.০০ |
| | | | মোট= | ২,৭৬,০৫২.০০ |

সিদ্ধান্তঃ বৃক্ষরোপন অভিযান-২০১৯ উপলক্ষে বিভিন্ন চারা এবং মালামাল সরবরাহের নিমিত্ত ২,৭৬,০৫২/- (দুই লক্ষ ছিয়াত্তর হাজার বায়ান্ন) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩০: বনানী সামরিক কবরস্থানে ঘাস কাটার জন্য ০১(এক)টি ব্যাকপ্যাক মেশিন (জাপানের তৈরী, ৪-স্ট্রোক) ক্রয়ের জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ বনানী সামরিক কবরস্থানের জন্য ঘাস কাটার জন্য একটি ব্যাকপ্যাক মেশিন (জাপানের তৈরি, ৪ স্ট্রোক) ক্রয়ের জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রয়োজন। উল্লেখ্য, উক্ত কাজের যাবতীয় ব্যয় কবরস্থান খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বনানী সামরিক কবরস্থানে ঘাস কাটার জন্য ০১(এক)টি ব্যাকপ্যাক মেশিন (জাপানের তৈরী, ৪-স্ট্রোক) ক্রয়ের জন্য ৬০,০০০/- (ষাট হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় কবরস্থান খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩১: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১১টি কঞ্জারভেন্সী ট্রাকের জন্য ১৪ (চৌদ্দ)টি টায়ার-টিউবস ক্রয় বাবদ ২,৭৩,০০০/-(দুই লক্ষ তিয়াত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাকগুলো সেনানিবাস ও ডিওএইচএস এর ময়লা-আবর্জনা সংগ্রহ ও অপসারণ কাজে নিয়োজিত। এই ট্রাকগুলোর মধ্যে নিম্নবর্ণিত ১১টি ট্রাকের জন্য মোট ১৪(চৌদ্দ)টি টায়ার-টিউব প্রয়োজনঃ-

| ক্র/নং | যানবাহনের বিবরণ | টায়ার-টিউবস সাইজ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা মেট্রো-অ-১১-৩৩৯২ | ৭-৫০-১৬ | ০২টি | ১৯৫০০.০০ | ৩৯০০০.০০ |
| ২. | ঢাকা মেট্রো-অ-১১-০০১৪ | ৭-৫০-১৬ | ০১টি | | ১৯৫০০.০০ |
| ৩. | ঢাকা মেট্রো-ন-৮৩৯৪ | ৭.০০-১৫ | ০১টি | | ১৯৫০০.০০ |
| ৪. | নতুন ট্রাক নং-৩ | ৭-৫০-১৬ | ০১টি | | ১৯৫০০.০০ |
| ৫. | ঢাকা মেট্রো-ম-০৫-০০১৬ | ৭.৫০-১৬ | ০১টি | | ১৯৫০০.০০ |
| ৬. | ঢাকা মেট্রো-অ-১১-১২৬৯ | ৭.০০-১৫ | ০১টি | | ১৯৫০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৭. | ঢাকা মেট্রো-অ-১৪-১১৬৩ | ৭.৫০-১৬ | ০২টি | | ৩৯০০০.০০ |
| ৮. | ঢাকা মেট্রো-অ-১৪-১৫২১ | ৭.৫০-১৬ | ০১টি | | ১৯৫০০.০০ |
| ৯. | ডাম্পার ট্রাক -২ | ৭.০০-১৫ | ০২টি | | ৩৯০০০.০০ |
| ১০. | ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ | ৭.৫০-১৬ | ০১টি | | ১৯৫০০.০০ |
| ১১. | ঢাকা মেট্রো-অ-১৪-১১৬২ | ৭.৫০-১৬ | ০১টি | | ১৯৫০০.০০ |
| | | মোট= | ১৪টি | | ২,৭৩,০০০.০০ |

সিদ্ধান্তঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১১টি কঞ্জারভেন্সী ট্রাকের জন্য ১৪ (চৌদ্দ)টি টায়ার-টিউবস ক্রয় বাবদ ২,৭৩,০০০/-(দুই লক্ষ তিয়াত্তর হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বোর্ড তহবিল হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩২: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-অ-১১-৩৩৯২ এর চেসিস ভেঙ্গে ফাটল ধরায় উক্ত অংশ প্রতিস্থাপন বাবদ ৬২,৫০০/-( বাষট্টি হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | ৭ ফিট লম্বা চেসিস প্রতিস্থাপন | ০১টি | ৪০০০০.০০ | ৪০০০০.০০ |
| ২. | ৩ ফিট লম্বা বক্স চ্যানেল প্রতিস্থাপন | ০২ টি | ২২০০০.০০ | ২২৫০০.০০ |
| | | | মোট= | ৬২,৫০০.০০ |

সিদ্ধান্তঃ কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-অ-১১-৩৩৯২ এর চেসিস ভেঙ্গে ফাটল ধরায় উক্ত অংশ প্রতিস্থাপন বাবদ ৬২,৫০০/- (বাষট্টি হাজার পাঁচশত) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩৩: ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ এর জন্য টায়ার-টিউবস ক্রয় ও মেরামতের জন্য বিভিন্ন যন্ত্রাংশ প্রতিস্থাপন বাবদ ১,৯৬,১৯০/-(এক লক্ষ ছিয়ানববই হাজার একশত নববই) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ মেরামত ও টায়ার-টিউব ক্রয়ের মূল্যানুমান নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্র/নং | বিবরণ | পরিমাণ | দর | মোট |
|---|---|---|---|---|
| ১. | পিস্টন | ১ সেট | ১৭০০০.০০ | ১৭০০০.০০ |
| ২. | সিলিপ | ১ সেট | ১২০০০.০০ | ১২০০০.০০ |
| ৩. | বিগিন ও মেইন বিগিন বেয়ারিং | ১ সেট | ৬৫০০.০০ | ৬৫০০.০০ |
| ৪. | পিস্টন রিং | ১ সেট | ৭০০০.০০ | ৭০০০.০০ |
| ৫. | ওভার হলিং কিট | ১ সেট | ৫৫০০.০০ | ৫৫০০.০০ |
| ৬. | ওয়েল পাম্প মেরামত | -- | ৩৯০০.০০ | ৩৯০০.০০ |
| ৭. | হেড বাল্ব | ১ সেট | ৪৩০০.০০ | ৪৩০০.০০ |
| ৮. | সিসকেট ও গাইড | ১ সেট | ৪০০০.০০ | ৪০০০.০০ |
| ৯. | নজেল | -- | ১৯০০.০০ | ১৯০০.০০ |
| ১০ | ইয়ার ফিল্টার | ১ টি | ২০০০.০০ | ২০০০.০০ |
| ১১. | মবিল ফিল্টার | ১ সেট | ৩৯০.০০ | ৩৯০.০০ |
| ১২. | ক্লাস প্লেট | ১ টি | ৫৫০০.০০ | ৫৫০০.০০ |
| ১৩. | লেদ মেশিন বাবদ | -- | ৪৫০০.০০ | ৪৫০০.০০ |
| ১৪. | পাম্প ও নজেল | -- | ৪৭০০.০০ | ৪৭০০.০০ |
| ১৫. | টায়ার-টিউবস | ০৬ টি | ১৯৫০০.০০ | ১১৭০০০.০০ |
| | | | মোট= | ১,৯৬,১৯০.০০ |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক ঢাকা মেট্রো-অ-১১-০৭৪৯ এর জন্য টায়ার-টিউবস ক্রয় ও মেরামতের জন্য বিভিন্ন যন্ত্রাংশ প্রতিস্থাপন বাবদ ১,৯৬,১৯০/-(এক লক্ষ ছিয়ানববই হাজার একশত নববই) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিমান বাহিনী বেস বঙ্গবন্ধু খাত হতে সংকুলান করা যেতে পারে।

আলোচ্যবিষয়-৩৪: বিমান বাহিনী বেস বাশার এর প্রধান রাস্তার পার্শ্বের ড্রেনে আরসিসি ঢালাইকরণ, পেভমেন্ট টাইলস ও ফেসিং টাইলস স্থাপন এবং পরিষ্কারকরণ বাবদ ৯৬,৪৯৩/- (ছিয়ানব্বই হাজার চারশত তিরানব্বই) টাকা ব্যয়ের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে স্বাস্থ্য সম্মত পরিবেশ ও নির্বিঘ্ন জনচলাচলের জন্য বিমান বাহিনী বেস বাশার এর প্রধান রাস্তার পার্শ্বের ড্রেন আরসিসি ঢালাইকরণ, পেভমেন্ট টাইলস ও ফেসিং টাইলস স্থাপন এবং পরিষ্কার করা প্রয়োজন। এ কাজের জন্য ৯৬,৪৯৩/- (ছিয়ানব্বই হাজার চারশত তিরানব্বই) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিমান বাহিনী বেস বাশার এর বাজেট বরাদ্দ হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্তঃ বিমান বাহিনী বেস বাশার এর প্রধান রাস্তার পার্শ্বের ড্রেনে আরসিসি ঢালাইকরণ, পেভমেন্ট টাইলস ও ফেসিং টাইলস স্থাপন এবং পরিষ্কারকরণ বাবদ ৯৬,৪৯৩/- (ছিয়ানব্বই হাজার চারশত তিরানব্বই) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিমান বাহিনী বেস বাশার খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩৫: ক্যান্টনমেন্ট বোর্ডের শিক্ষা প্রতিষ্ঠান ও ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ডেঙ্গু নির্মূল এর জন্য সতর্কতামূলক ব্যানার, ফেষ্টুন, কেরোসিন, কীটনাশক ও অন্যান্য মালামাল এবং আর্মি হেডকোয়ার্টার মাল্টিপারপাস কমপ্লেক্স এর পার্শ্বের বাগানে গাছের খুঁটি দেয়ার জন্য বাঁশ ক্রয়ের নিমিত্ত **৪,০১,৩৫০/-** (চার লক্ষ এক হাজার তিনশত পঞ্চাশ) টাকার ব্যয়ের অনুমোদন প্রসংগে।

আলোচনাঃ

| ক্র/নং | বিবরণ | পরিমান | দর | টাকা |
|---|---|---|---|---|
| ১. | ব্যানার (বড়) | ০৬টি | ১,৫০০.০০ | ৯,০০০.০০ |
| ২. | ফেষ্টুন ব্যানার | ১৮টি | ৪৫০.০০ | ৮,১০০.০০ |
| ৩. | ব্যানার টানার জন্য নাইলন রশি | ০৬ কেজি | ৩০০.০০ | ১,৮০০.০০ |
| ৪. | ব্যানার বাঁধার জন্য বাঁশ | ০১টি | ৪৫০.০০ | ৪৫০.০০ |
| ৫. | কেরোসিন তেল | ৩০০০ লিটার | ১০২.০০ | ৩,০৬,০০০.০০ |
| ৬. | কীটনাশক ঔষধ (ডেসিস) | ২০ লিটার | ১,৮০০.০০ | ৩৬,০০০.০০ |
| ৭. | মশার ঔষধ ছিটানোর জন্য স্প্রে মেশিন | ৮টি | ২,০০০.০০ | ৪০,০০০.০০ |
| ৮. | বাঁশ | ৩৬টি | ২৫০.০০ | ৯,০০০.০০ |
| | | | মোট= | ৪,০১,৩৫০.০০ |

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ক্যান্টনমেন্ট বাজার এলাকায় ডেঙ্গু নির্মূল এর জন্য সতর্কতামূলক ব্যানার, ফেষ্টুন, কেরোসিন, কীটনাশক ও অন্যান্য মালামাল এবং আর্মি হেডকোয়ার্টার মাল্টিপারপাস কমপ্লেক্স এর পার্শ্বের বাগানে গাছের খুঁটি দেয়ার জন্য বাঁশ ক্রয়ের নিমিত্ত ৪,০১,৩৫০/- (চার লক্ষ এক হাজার তিনশত পঞ্চাশ) টাকার ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় সাধারণ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

আলোচ্যবিষয়-৩৬: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে একজন মেডিক্যাল অফিসার নিয়োগ প্রদান প্রসংগে।

আলোচনাঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) তাঁর ৩০/০৭/২০১৯ খ্রিঃ তারিখের এসকেএমসিবিজিএইচ/১৭৯ নং পত্রের মাধ্যমে শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মেডিকেল অফিসার পদে নিম্নবর্ণিতভাবে নিয়োগ প্রদানের জন্য সুপারিশ করেনঃ-

| ক্র/নং | নাম, পিতার নাম ও ঠিকানা | পদ | নির্ধারিত মাসিক বেতন |
|---|---|---|---|
| ১. | ডাঃ সাবিহা জেবিন<br>পিতা-মোঃ সাইফুল হাসান<br>মাতা-মিসেস চামন আফরোজ<br>বাড়ি-২৩, রোড-১৩, সেক্টর-০৬,<br>উত্তরা, ঢাকা। | মেডিকেল অফিসার | ২২,০০০/- |

হাসপাতালের রোগীর সংখ্যা ও আয় বৃদ্ধি পেয়েছে। বর্তমানে দিন দিন রোগীর চাপ বৃদ্ধি পাওয়ার কারণে বিদ্যমান মেডিকেল অফিসারদেরকে চিকিৎসা সেবা প্রদান করতে হিমসিম খেতে হচ্ছে। মেডিকেল

অফিসারের ১২টি পদের বিপরীতে ০৯ জন মেডিকেল অফিসার কর্মরত আছে। যার মধ্যে ০১ জন অধ্যয়ন ছুটিতে রয়েছে। হাসপাতালের জরুরী সেবার বিষয়টি বিবেচনা করে শূন্য পদের বিপরীতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০১(এক) জন মেডিকেল অফিসার নিয়োগ করা প্রয়োজন। উক্ত ব্যয় হাসপাতালের বেতন ভাতা খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের মেডিক্যাল অফিসারের শূন্য পদের বিপরীতে মাসিক সর্বসাকুল্যে ২২,০০০/- (বাইশ হাজার) টাকা নির্ধারিত বেতনে ডাঃ সাবিহা জেবিন, পিতা-মোঃ সাইফুল হাসান, মাতা-মিসেস চামন আফরোজ, বাড়ি-২৩, রোড-১৩, সেক্টর-০৬, উত্তরা, ঢাকা-কে শূন্য পদে নিয়োগ/পদায়ন না হওয়া পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৭: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের একজন অস্থায়ী সিনিয়র স্টাফ নার্স চাকরি হতে অব্যাহতি প্রদান করায় তদস্থলে অস্থায়ী নার্স নিয়োগ প্রদান প্রসংগে।

আলোচনাঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) তাঁর ০২/০৭/২০১৯ খ্রিঃ তারিখের এসকেএমসিবিজিএইচ/১৫৫ নং পত্রের মাধ্যমে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সিনিয়র স্টাফ নার্স পদে নিয়োগকৃত জনাব মোহাম্মদ বুলবুল আহম্মদ, পিতা-মোঃ আলী হোসেন-কে ০১/০৭/২০১৯ খ্রিঃ তারিখ হতে চাকরি থেকে অব্যাহতি প্রদান করায় তার পরিবর্তে উক্ত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে ০৩/০৭/২০১৯ খ্রিঃ তারিখ হতে নিম্নবর্ণিতভাবে নিয়োগ প্রদানের জন্য সুপারিশ করেনঃ-

| ক্র/নং | নাম, পিতার নাম ও ঠিকানা | পদ | নির্ধারিত বেতন |
|---|---|---|---|
| ১. | খাদিজা আক্তার<br>পিতা-আহম্মদ আলী মিয়া, মাতা-নাসিমা বেগম<br>গ্রাম-দরিচন্দাবাড়ী, ডাকঘর-ভাতকুড়া-১৯৯৭,<br>থানা-ধনবাড়ী, টাঙ্গাইল। | সিনিয়র স্টাফ নার্স | ১৫,০০০/- |

হাসপাতালের জরুরী সেবার বিষয়টি বিবেচনা করে সিনিয়র স্টাফ নার্স পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগ করা প্রয়োজন। উক্ত ব্যয় হাসপাতালের বেতন ভাতা খাত হতে সংকুলান করা হবে।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সিনিয়র স্টাফ নার্স এর শূন্য পদের বিপরীতে মাসিক সর্বসাকুল্যে ১৫,০০০/- (পঁনের হাজার) টাকা নির্ধারিত বেতনে খাদিজা আক্তার, পিতা-আহম্মদ আলী মিয়া, মাতা-নাসিমা বেগম, গ্রাম-দরিচন্দাবাড়ী,ডাকঘর-ভাতকুড়া-১৯৯৭, থানা-ধনবাড়ী, টাঙ্গাইল-কে শূন্য পদে নিয়োগ/পদায়ন না হওয়া পর্যন্ত সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৩৮: গত ০১ এপ্রিল, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যবিষয়-২৬ এর অনুবৃত্তিক্রমে রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলে ৭ম ও ৮ম শ্রেণীতে নতুন অনুমোদিত শাখা চালুর জন্য ১৪ (চৌদ্দ)টি নতুন পদ সৃষ্টি ও ০১(এক)টি কর্মচারীর (হিসাব করণিক) পদ বিলুপ্ত করার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলে ৭ম ও ৮ম শ্রেণীতে নতুন অনুমোদিত শাখা চালুর জন্য মোট ১৪ (চৌদ্দ)টি নতুন পদ সৃষ্টির বিষয়ে গত গত ০১ এপ্রিল, ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যবিষয়-২৬ এর মাধ্যমে উপস্থাপন করা হলে, ১৪ (চৌদ্দ) টি নতুন পদ সৃষ্টির প্রস্তাব অনুমোদন প্রদান করা হয়। নতুন ১৪ (চৌদ্দ)টি পদসহ রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল, পোস্তগোলার মোটপদ সংখ্যা ২৫(পঁচিশ) টি। সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর কর্তৃক প্রণীত ক্যান্টনমেন্ট বোর্ড স্কুল ও কলেজ পরিচালনা ও ব্যবস্থাপনা নির্দেশিকা, ২০১৯ অনুযায়ী উক্ত স্কুলের ক্ষেত্রে মোট জনবলের পদ সংখ্যা ২৪ (চবিবশ) টি। নির্দেশিকা অনুযায়ী উক্ত স্কুলের ০১(এক) টি পদ (হিসাব করণিক) বিলুপ্ত করা প্রয়োজন। রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলে ৭ম ও ৮ম শ্রেণীতে নতুন অনুমোদিত শাখা চালুর জন্য ০১টি সহকারী প্রধান শিক্ষক, ০১টি সহকারী শিক্ষক (বাংলা), ০১টি সহকারী শিক্ষক (ইংরেজী), ০১টি সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), ০১টি সহকারী শিক্ষক (আইসিটি), ০১টি জুনিয়র শিক্ষক (ধর্ম), ০৪টি জুনিয়র শিক্ষক, ০১টি অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ০১টি নিরাপত্তা প্রহরী, ০১টি পরিচ্ছন্নতা কর্মী, ০১টি আয়াসহ মোট ১৪টি পদ সৃষ্টি এবং ০১টি হিসাব করণিকের পদ বিলুপ্তিকরণের প্রস্তাব অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে রিভারভিউ ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলে ৭ম ও ৮ম শ্রেণীতে নতুন অনুমোদিত শাখা চালুর জন্য ১৪ (চৌদ্দ)টি নতুন পদ সৃষ্টি ও ০১(এক)টি কর্মচারীর (হিসাব করণিক) পদ বিলুপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৩৯: সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে অস্থায়ী ভিত্তিতে কর্মরত আইসিএ জনাব সুজিত কুমার ধর (আইসিইউ ইনচার্জ-এর দায়িত্ব প্রাপ্ত)-এর বেতন বৃদ্ধিকরণ প্রসংগে।

আলোচনাঃ সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পরিচালক (প্রশাসন) তাঁর ০৩/০৭/২০১৯ খ্রিঃ তারিখের এসকেএমসিবিজিএইচ/১৫৮ নং পত্রের মাধ্যমে উক্ত হাসপাতালে কর্মরত আইসিএ জনাব সুজিত কুমার ধর (আইসিইউ ইনচার্জ-এর দায়িত্ব প্রাপ্ত)-এর বেতন বৃদ্ধির জন্য সুপারিশ করেছেন। জনাব সুজিত কুমার ধর-কে আইসিএ পদে নির্ধারিত ১৭,০০০/- (সতের হাজার) টাকা বেতনে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়। উক্ত হাসপাতালের আইসিইউ ইনচার্জ হিসেবে কর্মরত মোঃ আকরামউদ্দৌলা গত ০১/১১/২০১৮ খ্রিঃ তারিখে অব্যাহিত গ্রহণ করায় আইসিএ জনাব সুজিত কুমার ধর-কে আইসিইউ ইনচার্জ এর দায়িত্ব প্রদান করা হয়। পরবর্তীতে হাসপাতালের পরিচালক (প্রশাসন) আইসিএ জনাব সুজিত কুমার ধর বেতন আইসিইউ ইনচার্জ এর মাসিক বেতন (৩০,০০০/- টাকা) এর অনুরূপ হারে বৃদ্ধি করার জন্য ২১ অক্টোবর, ২০১৮ তারিখের পত্রের মাধ্যমে সুপারিশ করেন। তৎকালীন স্টেশন কমান্ডার আইসিএ ইনচার্জ এর দক্ষতা ০৬ মাস যাবত পর্যবেক্ষণ করে বেতন বৃদ্ধির বিষয়ে মৌখিক নির্দেশনা প্রদান করেন মর্মে হাসপাতালের পরিচালক (প্রশাসন) অত্র দপ্তরকে অবহিত করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে অস্থায়ী ভিত্তিতে কর্মরত আইসিএ জনাব সুজিত কুমার ধর-কে আইসিইউ ইনচার্জ-এর দায়িত্ব প্রদান করায় তার মাসিক সর্বসাকুল্যে বেতন আইসিইউ ইনচার্জ এর অনুরূপ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যবিষয়-৪০: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেস প্রকাশ্য নিলামের মাধ্যমে ইজারা প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

আলোচনাঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের দোকান/স্পেসসমূহ ইজারা প্রদানের নিমিত্তে ৩০ জুলাই, ২০১৯ তারিখে প্রকাশ্য নিলাম আহ্বান করা হলে উক্ত তারিখে নিলামে অংশ গ্রহণকারীগণের মধ্যে নিম্নে বর্ণিত দোকানসমূহের পার্শ্বে বর্ণিত ডাককারী প্রতিবর্গফুটের জন্য সর্বোচ্চ ডাককারী হিসেবে বিবেচিত হয়ঃ-

| ক্রমিক নং | তলা ও দোকান নং | সর্বোচ্চ ডাককারীর নাম | দোকানের আয়তন | সরকারী দর প্রতি বর্গফুট | প্রকাশ্য ডাকের মাধ্যমে সর্বোচ্চ দর প্রতি বর্গফুট | মোট টাকা |
|---|---|---|---|---|---|---|
| ১। | ১ম তলা-০১ | (ক) নাজমা পারভীন<br>(খ)ইসমত আরা বেগম | ১২৫.০০ | ১৭,০০০/- | ১৭,১৪০/- | ২১,৪২,৫০০/- |
| ২। | ৪র্থ তলা-২৫ | নুজহাত আঞ্জুম বিন্তে শামস | ১০১.৬৯ | ১৪,৫০০/- | ১৪,৫৮০/- | ১৪,৮২,৬৪১/- |
| ৩। | ৭ম তলা-০৩ | শেখ ইমরান হোসেন | ১২৯.২১ | ১২,০০০/- | ১২,১২০/- | ১৫,৬৬,০২৬/- |
| ৪। | ৭ম তলা-০৪ | নাছিমা বেগম | ১৩৭.২৪ | ১২,০০০/- | ১২,১০০/- | ১৬,৬০,৬০৪/- |

সিদ্ধান্তঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ১ম তলা-০১, ৪র্থ তলা-২৫, ৭ম তলা-০৩ এবং ৭ম তলা-০৪ নং দোকানের বিপরীতে প্রাপ্ত সর্বোচ্চ দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে।

আলোচ্যবিষয়-৪১: মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৯ম তলার ১৪ নং বাতিলকৃত দোকানের জমাকৃত সমুদয় অর্থ ফেরত প্রদান প্রসঙ্গে।

আলোচনাঃ মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৯ম তলার ১৪ নং দোকানটি ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র আহবান করা হলে জনাব আকিল আক্তার চৌধুরী, পিতা-মরহুম মোঃ আব্দুল বাসেত চৌধুরীর ৩৭,৫০,৩০০/- (সাইত্রিশ লক্ষ পঞ্চাশ হাজার তিনশত) টাকা এবং সামনের অতিরিক্ত ১৬১.১ বর্গফুট জায়গার জন্য প্রতি বর্গফুট ৩০০০/- (তিন হাজার) টাকা হিসেবে ৪,৮৩,৩০০/- (চার লক্ষ তিরাশি হাজার তিনশত) টাকাসহ সর্বমোট-(৩৭,৫০,৩০০+৪,৮৩,৩০০) = ৪২,৩৩,৬০০/- (বিয়াল্লিশ লক্ষ তেত্রিশ হাজার ছয়শত) টাকার দরটি সর্বোচ্চ হয়। উক্ত দরটি অনুমোদিত হওয়ার পর অনুমোদিত সালামীর অর্ধেক (৪২,৩৩,৬০০÷২) = ২১,১৬,৮০০/- (একুশ লক্ষ ষোল হাজার আটশত) টাকা ১৫ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে এবং অবশিষ্ট টাকা ৪ টি কিস্তির মাধ্যমে যথাক্রমে ১৫/০৫/২০১৮, ১৫/০৬/২০১৮, ১৫/০৭/২০১৮ এবং ১৫/০৮/২০১৮ তারিখে পরিশোধের জন্য ১৫ ফেব্রুয়ারি ২০১৮তারিখের ঢাক্যাবো/মিরঃডিওএইচএস/অঃকাঃশঃকঃ/৯ম তলা-১৪/৯ নং পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। উক্ত সালামীর অর্ধেক টাকা পরিশোধ না করে তিনি মাত্র ০১ টি কিস্তি বাবদ ৫,২৯,২০০/- (পাঁচ লক্ষ উনত্রিশ হাজার দুইশত) টাকা ০৪ জুলাই ২০১৮ তারিখে পরিশোধ করেন। দীর্ঘদিন টাকা পরিশোধ না করায়

অবশিষ্ট ৩৬,০৪,৪০০/- (ছত্রিশ লক্ষ চার হাজার চারশত) টাকা এককালীন ২০ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে পরিশোধের জন্য এবং পরিশোধ না করলে দোকানের ইজারা কার্যক্রম বাতিল হবে মর্মে পোষ্ট অফিসের মাধ্যমে রেজিষ্ট্রিকৃত পত্রের মাধ্যমে অনুরোধ করা হয়। পত্র প্রদানের পরও অবশিষ্ট সালামী পরিশোধ না করায় বিষয়টি ২৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ১৬ নং আলোচ্য বিষয়ে উপস্থাপন করা হলে দোকান বরাদ্দের নীতিমালার আলোকে জমাকৃত নিরাপত্তা জামানত বোর্ডের অনুকূলে বাজেয়াপ্তসহ জমাকৃত অর্থের ১০% কর্তন সাপেক্ষে দোকান বরাদ্দের ইজারা কার্যক্রম বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তমতে ০১ টি কিস্তি বাবদ জমাকৃত ৫,২৯,২০০/- (পাঁচ লক্ষ উনত্রিশ হাজার দুইশত) টাকার ১০% কর্তন সাপেক্ষে অবশিষ্ট ৪,৭৬,২৮০/- (চার লক্ষ ছিয়াত্তর হাজার দুইশত আশি) টাকার চেক ক্যান্টনমেন্ট বোর্ড হতে গ্রহণ করার জন্য ২৪ মার্চ ২০১৯ তারিখে ঢাক্যাবো/মিরঃডিওএইচএস/শঃকঃ/৯ম তলা/১৪/১৮ নং পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে উক্ত খালি দোকানটি ২৪ মার্চ ২০১৯ তারিখে প্রকাশ্য নিলামের মাধ্যমে সর্বোচ্চ ডাককারী হিসেবে একসিলেন্ট গ্লোবাল ট্রেডিং কোম্পানী লিঃ-কে সামনের অতিরিক্ত ১৬১.১ বর্গফুট জায়গার জন্য প্রতি বর্গফুট ৩০০০/- (তিন হাজার) টাকা হিসেবে ৪,৮৩,৩০০/- (চার লক্ষ তিরাশি হাজার তিনশত) টাকাসহ সর্বমোট (৩৬,৪৫,০০০+৪,৮৩,৩০০) = ৪১,২৮,৩০০/- (একচল্লিশ লক্ষ আটাশ হাজার তিনশত) টাকায় ইজারা প্রদান করা হয়। পূর্বের ইজারাকারী জনাব আকিল আক্তার চৌধুরী সংশ্লিষ্ট দোকানটি পুনরায় ইজারা প্রদানসহ পূর্বের কিস্তির টাকা আগামী ০৩ মাস পর থেকে নিয়মিত পরিশোধ করার অনুমতি চেয়ে অত্র দপ্তরে ১০ জুন ২০১৯ তারিখে আবেদন করেন। তিনি উক্ত আবেদনে আরো উল্লেখ করেছেন যে, তাঁর আর্থিক অসুবিধার কারণে উক্ত ৯ম তলার ১৪ নং দোকানের কিস্তির টাকা সময়মত পরিশোধ করতে পারেনি। উক্ত বিষয়টি ২০ জুন ২০১৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যবিষয় ১৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৯ম তলার ১৪ নং দোকানের সালামী দীর্ঘদিন পরিশোধ না করায় এবং ২৭ ফেব্রয়ারি ২০১৯ তারিখের বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক উক্ত দোকানটি বাতিলপূর্বক খালি হওয়ায় ২৪ মার্চ ২০১৯ তারিখে প্রকাশ্য নিলামের মাধ্যমে অন্যত্র ইজারা প্রদান করায় বরাদ্দ নীতিমালার শর্তমতে জনাব আকিল আক্তার চৌধুরীর ১০ জুন ২০১৯ তারিখের আবেদনপত্রটি বিবেচনা করা হলো না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্ত মতে ১৫ জুলাই ২০১৯ তারিখের ঢাক্যাবো/মিরঃডিওএইচএস/শঃকঃ/৯ম তলা/দোঃনং-১৪/২৩ নং পত্রের মাধ্যমে ২৪ মার্চ ২০১৯ তারিখের পত্র অনুযায়ী ক্যান্টনমেন্ট বোর্ড হতে চেক গ্রহণের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে জনাব আকিল আক্তার চৌধুরীর পক্ষে তাঁর ভাই কর্নেল মোঃ সাখাওয়াৎ হোসেন চৌধুরী, ৭-পদাতিক ডিভিশন, বরিশাল উক্ত পত্রের প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্সের ৯ম তলার ১৪ নং দোকানের বিপরীতে জমাকৃত জামানতসহ সমুদয় অর্থ কর্তন ব্যতীত ফেরত চেয়ে অত্র দপ্তরে ২৮ জুলাই, ২০১৯ তারিখে আবেদন করেন।

সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস শপিং কমপ্লেক্স এর ৯ম তলার ১৪ নং দোকানের বাতিলকৃত ইজারার বিপরীতে জনাব আকিল আক্তার চৌধুরী, পিতা-মরহুম মোঃ আব্দুল বাসেত চৌধুরীর জমাকৃত জামানত ও কিস্তির সমুদয় অর্থ বিশেষ বিবেচনায় ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্তঃ পরিশিষ্ট-'ক'

**(মোহাম্মদ মোহসীম কিবরিয়া )**
সেক্রেটারি, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যানটনমেনট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট
ফোনঃ ৯৮৩৫৫৬৫, ই-মেইল : ceocbd@gmail.com

**(ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম আনিসুল হক**
**এসজিপি, বিজিবিএম, পিএসসি)**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এম সাইফুর রহমান, (ট্যাজ), বিএসপি, বিসিজিএম, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | গ্রুপ ক্যাপ্টেন মোঃ আসাদুল করিম, এএফডব্লিউসি, এসিএসসি, পিএসসি<br>অধিনায়ক, বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | কর্ণেল এস এম মোয়াজ্জেম হোসেন, এসইউপি, এএফডব্লিউসি, পিএসসি<br>সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৪) | লেঃ কর্ণেল মোহাম্মদ শফিকুর রহমান, পিএসসি, ই বেংগল<br>সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৫) | মেজর মইনুল ইসলাম<br>প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | মেজর মির্জা আহমদ সাইফুর রহমান, অর্ডন্যান্স<br>সিএমটিডি, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৭) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৮) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৯) | জনাব মোঃ আজিজুর রহমান<br>সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়<br>জেলা প্রশাসক, ঢাকা এর প্রতিনিধি<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (১০) | ক্যাপ্টেন খন্দকার ফজলে রাবিব মীম, আর্টিলারী<br>লজিস্টিকস্ এরিয়া এমপি ইউনিট, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |